গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
সাধারণ শাখা
www.narail.gov.bd

**বিষয়ঃ জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা প্রশাসক, নড়াইল
সময় : সকাল ১০.০০ ঘটিকা
তারিখ : ১৮ ফেব্রুয়ারি, ২০২৪
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-'ক'

সভাপতি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নড়াইল গত ২১ জানুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের প্রদত্ত বক্তব্য, উত্থাপিত তথ্য ও কার্যপত্র অনুযায়ী আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **ক. স্থানীয় সরকার বিভাগ:** | | | | |
| ১. | জেলা পরিষদ নড়াইল | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সভায় উপস্থিত। কিন্তু কোন কার্যপত্র দাখিল করেননি। কোন কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো। | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ/ চেয়ারম্যান, নড়াইল |
| ২. | উপজেলা পরিষদ নড়াইল সদর, লোহাগড়া ও কালিয়া | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল মহান ২১শে ফেব্রুয়ারিকে সম্মান জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি আরো বলেন যে, দেশে অবকাঠামোগত উন্নয়নের ধারাবাহিকতায় নড়াইল জেলায় বিভিন্ন প্রশাসনিক/ সরকারি ভবন নির্মাণ হচ্ছে এবং নড়াইল শহরকে প্রশস্ত করার জন্য প্রস্তাব রাখেন। তিনি প্রশাসনিক/ সরকারি ভবনসমূহ পরিকল্পিতভাবে নির্মাণের জন্য জেলা প্রশাসক, নড়াইল মহোদয়কে অনুরোধ করেন। তিনি এবং তার দল বাংলাদেশ আওয়ামী লীগ সকলের সাথে সমন্বয় করে আগামীতে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি যে সকল সরকারি অফিসের নিজস্ব ভবন নেই সে সকল অফিসগুলোকে একই ভবনের মধ্যে আনয়ণের জন্য প্রস্তাব রাখেন।<br>সভাপতি বলেন স্বাস্থ্যসেবা জনগণের দৌড়গোড়ায় পৌছে দেয়ার লক্ষ্যে স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করাসহ সীমিত সামর্থ্যের মধ্যে সর্বোচ্চ সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। আগামী সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া/কালিয়া, নড়াইল কে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ লোহাগড়া/কালিয়া নড়াইল। |
| ৩. | পৌরসভা নড়াইল সদর লোহাগড়া ও কালিয়া | ক) মেয়র, লোহাগড়া পৌরসভা জানান যে, লোহাগড়া মডেল মসজিদের নির্মাণ কাজ দ্রুত শুরু করার লক্ষ্যে বিদ্যমান পুরাতন মসজিদ অপসারণের/স্থানান্তরের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নড়াইলের সাথে ফলপ্রসূ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছে। চলতি সপ্তাহের মধ্যেই বিদ্যমান পুরাতন মসজিদ অপসারণের/স্থানান্তরের কাজ শুরু করার প্রত্যাশা ব্যক্ত করেন। মসজিদটি অপসারণ করলেই পাইল ড্রাইভের কাজ শুরু করা যাবে।<br>সভাপতি বলেন পৌরসভাকে নাগরিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। তিনি পৌরসভার মেয়রকে স্যানিটেশন, পয়:নিষ্কাষন ও বর্জ্যব্যবস্থাপনার জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন এবং পৌরসভার উন্নয়ন ত্বরান্বিত করার জন্য মাস্টারপ্লান গ্রহণপূর্বক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন। | ক) লোহাগড়া মডেল মসজিদ নির্মাণ কাজ শুরু করার স্বার্থে বিদ্যমান মসজিদ দ্রুত অপসারণ করার জন্য অনুরোধ করা হয়।<br>খ) পৌরসভাকে নাগরিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। তিনি পৌরসভার মেয়রকে স্যানিটেশন, পয়:নিষ্কাষন ও বর্জ্যব্যবস্থাপনার জন্য পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন এবং পৌরসভার উন্নয়ন ত্বরান্বিত করার জন্য মাস্টারপ্লান গ্রহণপূর্বক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয় | ক) মেয়র, লোহাগড়া পৌরসভা/উপজেলা নির্বাহী অফিসার লোহাগড়া<br>খ) মেয়র, নড়াইল সদর/ লোহাগড়া/ কালিয়া নড়াইল |

CamScanner

**খ. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | সিভিল সার্জন অফিস | সিভিল সার্জন, নড়াইল ভাষা শহীদদের প্রতি সম্মান জানিয়ে বক্তব্য শুরু করেন এবং জানান যে, এ মাস থেকে দেশে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে ও গতকাল সারাদেশে ৪৮ জন কোভিড আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে এবং ০১ জন মৃত্যুবরণ করেছে। জানুয়ারি মাস থেকে এ পর্যন্ত দেশে ০৯ জন কোভিড আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছে। নড়াইলে এ মাসে এখনও কোভিড রোগী শনাক্ত হয়নি। সতর্কতা হিসেবে সদর হাসপাতালে মাস্ক পরতে বলা হয়েছে। ছেলেমেয়েদের মধ্যে দেশাত্ববোধ ও নৈতিকতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের কর্মকান্ড পরিচালিত হচ্ছে। স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম আরো জোরদার করার লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা অফিসারবৃন্দ মাঠ পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা অব্যাহত রেখেছেন। আধুনিক সদর হাসপাতাল নড়াইলের বহিঃবিভাগে রোগী ও রোগীদের সাথে আগত সাহায্যকারীদের নিয়মিত স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। এ ছাড়া ডেঙ্গুরোগ সম্পর্কে সচেতনতা, কৃমি সংক্রমণ এবং প্রতিকারের উপায়, ধূমপান এর ক্ষতিকর দিক, খাদ্য, ভিটামিন, চিকুনগুনিয়া, ডায়রিয়া সংক্রমণ, মা ও শিশু স্বাস্থ্য, ডায়াবেটিস রোগ নিয়ন্ত্রণ ও প্রতিকার, শিশুকে বুকের দুধ পান করানো, ব্যক্তিগত স্বাস্থ্যবিধি ও পারিপার্শ্বিক পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়ের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান কার্যক্রম তদারকি ও স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা অব্যাহত রেখেছেন। কালিয়া উপজেলা হাসপাতালে ডিএসএফ (ডিমান্ড সাইড ফাইনান্স) কার্যক্রম চালু আছে। এই কর্মসূচির আওতায় দরিদ্র প্রসূতি মা ও নবজাতকদের চিকিৎসা সেবা প্রদান করা হয়। জেলার বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসক ও অন্যান্য জনবলের শূন্য পদসমূহ পূরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। ডেঙ্গু রোগ এবং নিপাহ ভাইরাস প্রতিরোধ বিষয়ে জনগণের মাঝে ও বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে উঠান বৈঠকের মাধ্যমে ডেঙ্গু রোগ প্রতিরোধ এবং নিপাহ ভাইরাস প্রতিরোধ বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। এ ছাড়া কালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের উর্দ্ধমুখী সম্প্রসারণের নির্মাণ কাজ দ্রুত গতিতে চলমান আছে এবং নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।<br>সভাপতি বলেন, ডেঙ্গু বর্তমানে স্বাভাবিক পর্যায়ে থাকলেও ডেঙ্গু রোগের সংক্রমণ ও বিস্তার রোধে সচেতনতার বিকল্প নেই। এ ছাড়া কোভিডের নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রনের সংক্রমন দেখা দেয়ায় জনসচেতনতায় জোরদার কার্যক্রম গ্রহণ করার পাশাপাশি পৌরসভা কর্তৃক মশা নিধনে কার্যকরী উদ্যোগ গ্রহণসহ ড্রেন ও নর্দমা পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান অব্যাহত রাখার অনুরোধ করেন।<br>এ ছাড়া কৈশোর বান্ধব নড়াইল জেলার জন্য পুষ্টি, বাল্য বিবাহ, নৈতিকতার বিষয়াদি নিয়ে প্রচার-প্রচারণার জন্য লিফলেট প্রস্তুতপূর্বক তা বিতরণ করা বিষয়ে সিভিল সার্জন, নড়াইলকে অনুরোধ করেন। | ১. বিদ্যমান জনবল দিয়ে স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সিভিল সার্জন, নড়াইল |
| | | | ২. সরকারি নির্দেশনা অনুযায়ী করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। এ মহতী কাজে সংশ্লিষ্টদের আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। | সিভিল সার্জন নড়াইল |
| | | | ৩. জেলার ভ্যাকসিন রেজিস্ট্রেশন ও প্রদান কার্যক্রম সন্তোষজনক পর্যায়ে আনার জন্য সকল সরকারি/ বেসরকারি দপ্তরসমূহের সর্বাত্মক সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | সকল দপ্তর প্রধান |
| | | | ৪. মাঠ পর্যায়ে ডেঙ্গু রোগ সম্পর্কে সচেতনতা, কৃমি সংক্রমণ এবং প্রতিকারের উপায়, ধূমপান এবং এর ক্ষতিকর দিক, খাদ্য, ভিটামিন, চিকনগুনিয়া, ডায়রিয়া সংক্রমণ, মা ও শিশুস্বাস্থ্য, ডায়াবেটিস রোগ নিয়ন্ত্রণ ও প্রতিকার, শিশুকে বুকের দুধ পান করানো ইত্যাদি বিষয়ের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত রাখতে হবে। | সিভিল সার্জন, নড়াইল |
| | | | ৫. কমিউনিটি ক্লিনিক ভিজিট বৃদ্ধি করতে হবে। | সিভিল সার্জন, নড়াইল |
| | | | ৬. ডেঙ্গু রোগ প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত অভিযান ও প্রচার প্রচারণা করা এবং পৌরসভার ড্রেন ও নর্দমাসমূহ পরিষ্কার রাখার জন্য অনুরোধ করা হয়। | মেয়র, নড়াইল সদর/ লোহাগড়া/ কালিয়া, নড়াইল |
| | | | ৭.কৈশোর বান্ধব নড়াইল জেলার জন্য পুষ্টি, বাল্য বিবাহ, নৈতিকতার বিষয়াদি নিয়ে প্রচার-প্রচারণার জন্য লিফলেট প্রস্তুতপূর্বক তা বিতরণ করা বিষয়ে সিভিল সার্জন, নড়াইলকে অনুরোধ করা হয়। | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | নড়াইল সদর হাসপাতাল | তত্ত্বাবধায়ক, আধুনিক সদর হাসপাতাল বলেন, জানুয়ারি, ২০২৪ মাসে জরুরী বিভাগে ৪৮০৮ জন, বহিঃবিভাগে ১৬৬১৮ জন ও আন্তঃবিভাগে ২৪২৯ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। বেড অকুপেন্সি রেট ২৩৫.৫২%, মেজর অপারেশন ৩০ টি ও মাইনর অপারেশন ৯৫১ টি, শিশু প্রসব নরমাল-৬৮ জন ও সিজার-৬৯ জন। ভিকটিম পরীক্ষা-০৩ জন ও ময়নাতদন্ত-১০ জন। এআরভি-২৬৬ জন, ভায়া-৩৯৬ জন, সিবিই-৩৯৬ জনের পরীক্ষা এবং ১১৩ জনকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়। এছাড়া মোট ২৭০ জন শিশুকে বিসিজি/পেন্টা/হামের টিকা দেয়া হয়েছে।<br>তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, নড়াইল বলেন হাসপাতা কর্মরত ০৫জন পরিচ্ছন্নতাকর্মীর বকেয়া বেতন এখন পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর হতে পাওয়া যায়নি। বকেয়া বেতন প্রদানের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি বকেয়া বেতন পরিশোধ/প্রদানের জন্য জেলা পরিষদ, সদর উপজেলা পরিষদ এবং নড়াইল পৌসভা কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ করেন। এ ছাড়া সদর হাসপাতালকে দালালমুক্ত করার জন্য পুলিশের সহায়তা কামনা করেন এবং মাঝে মাঝে মোবাইল কোর্ট পরিচালনার অনুরোধ করেন।<br>জনাব হাসানুজ্জামান, সভাপতি , চেম্বার অব কমার্স, নড়াইল বলেন বিভিন্ন ঔষধ কোম্পানির রিপ্রেজেন্টেটিভ সদর হাসপাতালে রোগীদের আগেই ডাক্তারদের সাথে দেখা করেন, এতে সাধারণ রোগীরা ভোগান্তির শিকার হয়। এ বিষয়ে তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল বলেন হাসপাতালে এখন এই পরিবেশ নেই। সপ্তাহে দুই দিন ঔষধ কোম্পানির রিপ্রেজেন্টেটিভ ডাক্তারদের সাথে দেখা করতে পারেন এবং সরকারি হাসপাতালে বৈকালিক চিকিৎসাসেবা চালু করেছে। বৈকালিক সময়ে বিশেষজ্ঞ চিকিৎসকগণ চিকিৎসা সেবা প্রদান করেন। এ বিষয়টি ব্যাপক প্রচারের জন্য তিনি সাংবাদিক এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরো বলেন নড়াইল সদর হাসপাতালে ১৩টি বিশেষজ্ঞ চিকিৎসকের পদের বিপরীতে ০৭জন কর্মরত আছেন। ০৬টি শূন্য পদের বিপরীতে চিকিৎসক পদায়নের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নড়াইল মহোদয়কে অনুরোধ করেন। | ১। বিদ্যমান ডাক্তার ও লোকবল দিয়ে স্বাস্থ্যবিধি অনুসরণে সকল প্রকার সেবা কার্যক্রম নিশ্চিত করাসহ সকাল ৮.০০ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা পর্যন্ত নিরবিচ্ছিন্ন চিকিৎসাসেবা অব্যাহত রাখতে হবে এবং হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। হাসপাতালকে দালালমুক্ত করার লক্ষ্যে পুলিশী সহায়তা প্রদানের জন্য পুলিশ সুপার, নড়াইল মহোদয়কে অনুরোধ করে পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হয় এবং মোবাইল কোর্ট পরিচালনার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নড়াইলকে অনুরোধ করে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। বৈকালিক চিকিৎসা সেবা প্রদানের বিষয়টি ব্যাপক প্রচারের জন্য হাসপাতালের গেটে ব্যানার টানানো ও ব্যাপক প্রচারের জন্য সাংবাদিক এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা করা হয়।<br>৪। নড়াইল সদর হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকের ০৬টি শূন্য পদে চিকিৎসক পদায়নের বিষয়ে মন্ত্রণালয়ে প্রয়োজনীয় পত্রালাপ করার জন্য জেলা প্রশাসক, নড়াইল মহোদয়কে অনুরোধ করা হয় | তত্ত্বাবধায়ক সদর হাসপাতাল নড়াইল<br>তত্ত্বাবধায়ক, নড়াইল সদর হাসাপাতাল<br>তত্ত্বাধায়ক, সদর হাপাতাল এবং সভাপতি, নড়াইল প্রেসক্লাব, নড়াইল<br>জেলা প্রশাসক, নড়াইল |
| ৬. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপপরিচালক সভায় উল্লেখ করেন, গত মাসে জেলায় সক্ষম দম্পতির সংখ্যা ১৫৯৬১৮ জন। জন্ম নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করেছে ১২৭২০১ জন দম্পতি। গ্রহণকারীর হার- ৭৯.৬৯%। সেবা প্রদান: স্থায়ী পদ্ধতি ১০৫ জন (পুরুষ-০০ ও মহিলা-২২), কপারটি ৩৫ জন, ইমপ্ল্যান্ট ১২৪ জন, ইনজেকশন ৬০৯৮ জন, খাবার বড়ি ৬০৮ জন এবং কনডম ১০৬ জন। মা-শিশু-কিশোর-কিশোরী স্বাস্থ্য পরিচর্যা: গর্ভবতী পরিচর্যা ২০২৮ জন, প্রসব সেবা ৮৮৯ জন, গর্ভোত্তর সেবা ১২২৬ জন, শিশু সেবা ২৭১২ জন, কিশোর-কিশোরী ২১৯৫৪ জন এবং সাধারণ রোগী ৯৭৮১ জনকে সেবা প্রদান করা হয়।<br>তিনি বলেন কালিয়া উপজেলার সালামাবাদ এবং পাঁচগ্রাম ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নেই। জনবলও নেই। এ বিষয়ে বার বার যোগাযোগ করে প্রস্তাব প্রেরণ করা হলেও কোন অগ্রগতি নেই। কালিয়া উপজেলার সালামাবাদ ও পাঁচগ্রাম ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ স্থাপনের বিষয়ে সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া কালিয়া উপজেলার পাঁচগ্রাম ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ১. গর্ভবতী মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানসহ পরিবার পরিকল্পনার সুফল ও দীর্ঘমেয়াদী পদ্ধতি সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২. স্বাস্থ্যবিধি অনুসরণে সকল প্রকার সেবা কার্যক্রম নিশ্চিত করতে হবে। মাঠ পর্যায়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>৩. জেলার সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় জনবল পদায়ন এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে এবং কালিয়া উপজেলার সালামাবাদ ও পাঁচগ্রাম ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের বিষয়ে কার্যকরী | উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নড়াইল |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখার জন্য উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, নড়াইলকে অনুরোধ করা হয়। | |
| গ. প্রকৌশল বিভাগ: | | | | |
| ৭. | গণপূর্ত বিভাগ | নির্বাহী প্রকৌশলী অবহিত করেন, নড়াইল জেলায় বর্তমানে অবকাঠামোগত প্রকল্পের কাজ বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। উল্লেখযোগ্য চলমান প্রকল্পগুলো হল- (১) নড়াইল জেলা পুলিশ লাইন-এ (টাইপ-২ অনুযায়ী) ৬তলা ভিত বিশিষ্ট ২তলা মহিলা ব্যারাক নির্মাণ কাজ, ভৌত অগ্রগতি-৯৯% (২) নড়াইল জেলা পুলিশ লাইন-এ (টাইপ- A-1 অনুযায়ী) কল্যাণ সেড নির্মাণ কাজ, অগ্রগতি-৬৭% (৩) নড়াইল জেলায় ৫ তলা ভিতের ৫ তলা পুলিশ টেলিকম ভবন নির্মাণ (সিভিল, স্যানিটারী ও বৈদ্যুতিক) কাজ, অগ্রগতি ৯৯% (৪) নড়াইল জেলা পুলিশ লাইন-এ (টাইপ-২ অনুযায়ী) ৬তলা ভিত বিশিষ্ট ৩য় তলা মহিলা ব্যারাক নির্মাণ (সিভিল, স্যানিটারী ও বৈদ্যুতিক) কাজ, অগ্রগতি ৯৯% (৫) হাইওয়ে পুলিশ মাদারীপুর রিজিওনাল ফরিদপুর এর আওতাধীন তুলারামপুর (নড়াইল) হাইওয়ে থানা ৬ তলা ভিতের ৪ তলা থানার জন্য সীমানা প্রাচীর, ভূমি উন্নয়ন, ৫০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন জলাধার, অভ্যন্তরীণ রাস্তা ও পানি সরবরাহসহ অন্যান্য কাজ (৬) হাইওয়ে পুলিশ মাদারীপুর রিজিওনাল ফরিদপুর এর আওতাধীন তুলারামপুর (নড়াইল) হাইওয়ে থানা ৬ তলা ভিত বিশিষ্ট ভবনের ফাউন্ডেশনসহ নিচতলা পর্যন্ত (সিভিল, স্যানিটারী ও বৈদ্যুতিক) কাজ, অগ্রগতি ৬০% (৭) হাইওয়ে পুলিশ মাদারীপুর রিজিওনাল ফরিদপুর এর আওতাধীন তুলারামপুর (নড়াইল) হাইওয়ে থানা ৬ তলা ভিত বিশিষ্ট ভবনের ২য়, ৩য় ও ৪র্থ পর্যন্ত (সিভিল, স্যানিটারী ও বৈদ্যুতিক) কাজ (৮) নড়াইল জেলায় ৫তলা ভিত বিশিষ্ট ৩তলা আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ প্রকল্প, অগ্রগতি ১০০%, কাজ সমাপ্ত এবং ভবন হস্তান্তরিত। আইন ও বিচার মন্ত্রণালয়ের ০২টি অবকাঠামোগত প্রকল্পের আওতায় (৯) কালিয়া সাব-রেজিস্ট্রি অফিস নির্মাণ কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৯৯% (১০) দেশের প্রত্যেক জেলায় জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে "ন্যায়কুঞ্জ" নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার স্থাপন প্রকল্পের আওতায় নড়াইল জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে " ন্যায়কুঞ্জ" নামে বিচারপ্রার্থী-বিশ্রামাগার স্থাপন কাজ, অগ্রগতি ৮৫%। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১০টি ভৌত অবকাঠামোগত কাজ বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে। উল্লেখযোগ্য চলমান প্রকল্পগুলো হল- নড়াইল সদর হাসপাতাল ১০০ শয্যা হতে ২৫০ শয্যায় উন্নীতকরণের বিভিন্ন উপ-প্রকল্প, যার অগ্রগতি ৫০-৯৫%।<br>মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০১টি যথা- এনএসআই ভবন নির্মাণ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ৪টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ। উক্ত প্রকল্পসমূহের কাজের গড় অগ্রগতি ১২%-৯৯%। নড়াইল জেলায় ৩৩ টি শহীদ বীর মুক্তিযোদ্ধাদের সমাধিস্থল সংরক্ষণ ও উন্নয়ন কাজের মধ্যে ০৬ টির কাজ ইতোমধ্যে সাম্পোদিত হয়েছে এবং বাকিগুলোর কাজ চলমান রয়েছে। সভাপতি চলমান প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার অনুরোধ জানান।<br>নির্বাহী প্রকৌশলী সভায় জানান, নড়াইল সদর হাসপাতালের অভ্যন্তরের কাজের সমস্যা ইতোমধ্যে অনেকাংশে সমাধান হয়েছে। হাসপাতাল ক্যাম্পাসের ভিতরে সেমিপাকা মসজিদ নির্মাণের কাজ চলমান আছে। নতুন মসজিদ নির্মাণ সম্পন্ন হলে পুরাতন মসজিদ অপসারণ করে মূল পোর্সের সাথে কানেকটিং রাস্তাটি নির্মাণ করা সম্ভব হবে। পিছনের রাস্তাটির ৫০% কাজ সম্পন্ন হয়েছে, বাকী কাজ আগামী মাসের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট এর সাব স্টেশন জেনারেটরের বিষয়ে গণপূর্তের কর্মকর্তাবৃন্দ ফ্যাক্টরী ইন্সপেকশন সম্পন্ন করেছেন। রাস্তার কাজ সম্পন্ন হতে সাব-স্টেশন জেনারেটর সার্ভিস ভবনের ভিতরে স্থাপন করা সম্ভব হবে। হাসপাতালের নবম তলার কোভিড ইউনিটের | ক)Public Procurement Act 2006 ও Public Procurement Rules 2008 এবং অন্যান্য সরকারি বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে প্রকল্পসমূহের কাজ শেষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও মনিটরিং করতে হবে।<br><br>খ) নড়াইল জেলায় নির্মাণাধীন মডেল মসজিদের নির্মাণ কাজ গুণগতমান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নড়াইলকে অনুরোধ করা হয়।<br><br>গ) ২৫০ শয্যা হাসপাতালের অবশিষ্ট কাজ দ্রুত শেষ করাসহ ইলেক্ট্রোমেকানিক্যাল ইকুইপমেন্ট আমদানী ও স্থাপন করার জন্য অনুরোধ করা হয়।<br>ঘ) নড়াইল সার্কিট হাউজ নির্মাণের দরপত্র মূল্যায়ন এবং তা সম্পন্ন করে দ্রুত নির্মাণ কাজ আরম্ভ করার কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>ঙ) লিংক করিডোর নির্মাণের পূর্বে আপাততঃ গ্রাউন্ড লেভেলে অস্থায়ী ভিত্তিতে ছাউনীযুক্ত রাস্তা নির্মাণ করার জন্য নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নড়াইল-কে অনুরোধ করা হয়<br>চ) নড়াইল আঞ্চলিক পাসপোর্ট অফিসে যে ছোট-খাট ত্রুটি এবং বাউন্ডারী দেয়ালের ফাটল দেখা দিয়েছে তা পরিদর্শনপূর্বক দ্রুত মেরামত/সংশোধন করার জন্য নির্বাহী প্রকৌশলী | নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ছাদের ঢালাই কাজ সম্পন্ন হয়েছে। ইটের কাজসহ অন্যান্য কাজ দ্রুত সম্পন্ন করার প্রচেষ্টা অব্যাহত আছে। ডক্টরস ভবনের ৬ তলার অবকাঠামোগত কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে এবং আনুষাংগিক কাজ চলমান আছে। নড়াইল সার্কিট হাউজ নির্মাণের দরপত্র গ্রহণ করা হয়েছে এবং দরপত্র মূল্যায়নের কাজ চলমান আছে। নড়াইল জেলা আনসার ও ভিডিপি অফিসের জন্য একটি অস্ত্রাগার নির্মাণের প্রাক্কলনসহ আনুষঙ্গিক সকল কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং দরপত্র আহবান করা হয়েছে। এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করার চেষ্টা অব্যাহত আছে। ০৪টি মডেল মসজিদের মধ্যে ইতোমধ্যে ০২টির উদ্বোধন হয়েছে এবং অবশিষ্ট ০২টির মধ্যে জেলা সদরের মসজিদটি আগামী মার্চ/২০২৪ মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কাজ এগিয়ে চলছে। লোহাগড়া মডেল মসজিদের জায়গাটি ইতোমধ্যে ০২ বার পরিদর্শন করা হয়েছে এবং আগামী সপ্তাহের মধ্যে পুরাতন বিদ্যমান মসজিদটি অপসারণ করার প্রক্রিয়া শুরু হবে। পুরাতন মসজিদটি অপসারণ হলেই লোহাগড়া মডেল মসজিদের কাজ পূর্ণ উদ্যোমে আরম্ভ করা হবে। লোহাগড়া মডেল মসজিদের কাজ দ্রুত আরম্ভ ও সম্পন্নের জন্য সকল প্রচেষ্টা গ্রহণসহ অব্যাহত রাখা হবে। ফায়ার এবং মেডিকেল গ্যাস সম্পর্কিত কাজ চলমান আছে। মূল কাঠামোর কাজ শেষ পর্যায়ে।<br>সভাপতি বলেন নড়াইল সার্কিট হাউজ নির্মাণের দরপত্র মূল্যায়ন, ২৫০ শয্যা হাসপাতালের ইলেক্ট্রোমেকানিক্যাল কাজ দ্রুত শেষ করার এবং নড়াইল সদর হাসপাতালের মধ্যে ইলেকট্রিক সাবস্টেশন নির্মাণের জন্য সরঞ্জাম ইতোমধ্যে সদর হাসপাতাল কম্পাউন্ডে চলে এসেছে। এখানে সরঞ্জামগুলো অরক্ষিত অবস্থায় রয়েছে ফলে সরঞ্জামাদি চুরি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নড়াইল এখানে নিয়মিত পুলিশ টহলের জন্য অনুরোধ করেছেন। হাসপাতালের নতুন ভবন ও পুরাতন ভবনের মধ্যে লিংক করিডোর নির্মাণের পূর্বে আপাতত: গ্রাউন্ড লেভেলে টেম্পোরারী ভিত্তিতে ছাউনীযুক্ত রাস্তা নির্মাণ করাসহ কালিয়া ফায়ার সার্ভিস স্টেশন, নড়াইল পাসপোর্ট অফিসের বাউন্ডারী দেয়ালের ফাটল মেরামত এবং নড়াইল সদর ও লোহাগড়া মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুত শেষ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | গণপূর্ত বিভাগ, নড়াইল-কে অনুরোধ করা হয় | |
| ৮. | সড়ক ও জনপথ বিভাগ | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ সভায় অনুপস্থিত। উপস্থিত প্রতিনিধি কোন বক্তব্য উপস্থাপন করেননি। প্রাপ্ত কার্যপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, ১৫/০২/২০২৪ খ্রি. পর্যন্ত নড়াইল- কালিয়া মহাসড়কের ২১ কিলোমিটারে কালিয়া নামক স্থানে নবগঙ্গা নদীর উপর ১৩৫৯২.৫১ লক্ষ টাকা ব্যয়ে কালিয়া সেতু নির্মাণ (২য় সংশোধন) এর কাজ চলমান রয়েছে গড় অগ্রগতি ৫১.৬২%। মাগুরা-নড়াইল (আর-৭২০) আঞ্চলিক মহাসড়কের বাঁকসরলীকরণসহ যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের কাজ চলমান রয়েছে যার প্রাক্কলিত ব্যয় ২১৩৩১.৬২ লক্ষ টাকা, অগ্রগতি ৬৪.৫০%। নড়াইল শহরাংশের জাতীয় মহাসড়ক (এন-৮০৬) প্রশস্তকরণ ও উন্নীতকরণের কাজ চলমান রয়েছে যার প্রাক্কলিত ব্যয় ১৭৯৯৮.৯০ লক্ষ টাকা, অগ্রগতি ৫৫.৭৬%। | ক) সরকারি বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে প্রকল্পসমূহের কাজ শেষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও মনিটরিং অব্যাহত রাখতে হবে। | নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ, নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br><br>[এলজিইডি] | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নড়াইল সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে এলজিইডি কর্তৃক ১৮টি প্রকল্পের আওতায় মোট ৩০৭টি স্কিম গ্রহণ করা হয়। স্কিমসমূহের মোট চুক্তিমূল্য ২০৭৭২.২০ লক্ষ টাকা। গৃহীত স্কিমের মধ্যে ৭৯টি সম্পন্ন হয়েছে এবং ২২৪টি স্কিমের কাজ চলমান আছে। প্রকল্পের গড় অগ্রগতি ৬৯%। ২০২৩-২০২৪ অর্থ বছরে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ- ৬৬৫০.২৫ লক্ষ টাকা এবং ছাড়কৃত/ব্যয়কৃত অর্থের পরিমাণ- ৪১৯৪.৪৫ লক্ষ টাকা।<br>এ ছাড়া তিনি বলেন যে, "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (২য় পর্ব)"-এর আওতায় নড়াইল জেলায় মোট ১৮ (আঠার)টি পৌর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের লক্ষ্যে বর্তমানে ডিজিটাল এ ট্রোপে সার্ভে এবং সয়েল টেস্টের কাজ ১৭টি সম্পন্ন হয়েছে কিন্তু সদর উপজেলার বিছালী ইউনিয়নে প্রস্তাবিত জায়গার উপর মামলা চলমান থাকায় কোন ধরণের কার্যক্রম করা যায়নি। প্রস্তাবিত জমিতে মামলা থাকায় স্থানীয় চাহিদা মোতাবেক ইউনিয়নের মধ্যবর্তী স্থানে "ইউনিয়ন ভূমি অফিস" নির্মাণের জন্য উপস্থিত অংশীজন দাবী করেন। এ ছাড়া কালিয়া উপজেলার পাঁচগ্রাম ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের জন্যও দাবী করেন।<br>সভাপতি বলেন, যেহেতু সদর উপজেলার বিছালী ইউনিয়নের ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের প্রস্তাবিত জমির বিরুদ্ধে মামলা রয়েছে সেহেতু স্থানীয় চাহিদা মোতাবেক ইউনিয়নের মধ্যবর্তী স্থানে জমি নির্বাচন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর এবং উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদরকে অনুরোধ করেন। এ ছাড়া কালিয়া উপজেলার পাঁচগ্রাম ইউনিয়নে "ইউনিয়ন ভূমি অফিস" নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ক) সরকারি বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে প্রকল্পসমূহের কাজ শেষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) সদর উপজেলার বিছালী ইউনিয়নের ইউনিয়ন ভূমি অফিসের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর ও উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদরকে সরেজমিনে তদন্তপূর্বক সিদ্ধান্ত ও প্রস্তার দেয়ার জন্য অনুরোধ করা হয়।<br>গ) কালিয়া উপজেলার পাঁচগ্রাম ইউনিয়নে "ইউনিয়ন ভূমি অফিস" নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>ঘ) যদি কোন ব্যক্তি বিছালী ইউনয়ন ভূমি অফিস নির্মাণ করতে ব্যক্তিগতভাবে জমি দান করতে চান তাহলে জেলা প্রশাসনের সাথে দ্রুত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী এলজিইডি, নড়াইল<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর ও উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া নড়াইল |
| ১০. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড জানান যে, " মধুমতি-নবগঙ্গা উপ-প্রকল্প পুনর্বাসন ও নবগঙ্গানদী পুনঃখনন/ড্রেজিং এর মাধ্যমে পুনরুজ্জীবন ও পরিবেশগত ভারসাম্য রক্ষা প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের জানুয়ারি/২০২৪ পর্যন্ত বাস্তব অগ্রগতি: ৬৬%। আর্থিক অগ্রগতি: ১৯৮৮৯.৭৭ লক্ষ টাকা (৫৮.০৩%)। ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দ ছিলো ৬০০০.০০ লক্ষ টাকা। অনুমোদিত প্রকল্প ব্যয় ৩৪২৭৫.৩৩ লক্ষ টাকা। বর্ষাকালীন সময়ে নদী তীরবর্তী জনগুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ এবং বাপাউবো কর্তৃক নির্মিত অবকাঠামোসমূহ রক্ষার্থে মধুমতি এবং নবগঙ্গা নদীর অববাহিকায় ২০টি স্থানে জরুরী ভিত্তিতে জিও ব্যাগ ডাম্পিংয়ের মাধ্যমে ১২৪৭.২৮ লক্ষ টাকা ব্যয়ে নদী ভাঙ্গন রোধকল্পে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কাজ সমাপ্ত হয়েছে যার ভৌত অগ্রগতি ১০০%।<br>নির্বাহী প্রকৌশলী বলেন, সামাজিক প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রকল্পের ০৪টি রেগুলেটর-এর অবৈধ স্থাপনা উচ্ছেদ করার জন্য ম্যাজিস্ট্রেট নিয়োগ করা আছে। দ্রুত অবৈধ স্থাপনা উচ্ছেদ কাজ সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া ড্রেজ ম্যাটেরিয়াল টেন্ডারের জন্য দরপত্র আহবান করা হয়েছে। দরপত্র মূল্যায়নের কাজ চলমান আছে। মূল্যায়নের কাজ সমাপ্ত হলে কার্যাদেশ প্রদান করা সম্ভব হবে।<br>তিনি আরো বলেন পানি উন্নয়ন বোর্ডের বাধের উপর রোপিত গাছ/সৃজিত বাগানের গাছ কর্তন নিয়ে বন বিভাগের সাথে সামান্য ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়েছে। বন বিভাগ পানি উন্নয়ন বোর্ডকে অবহিত না করে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করেন। বন বিভাগের কার্যাদেশে উল্লেখ করেন যে, বাঁধ বাগান। এছাড়া টেন্ডারকৃত বাগান যে সামাজিক বনায়নের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে এমন কোন তথ্য-প্রমাণ বন বিভাগ উপস্থাপন করতে পারেননি। এমনকি সামাজিক বনায়নের চুক্তিপত্রে পানি উন্নয়ন বোর্ড বা সরকারি কোন সংস্থার | ক)Public Procurement Act 2006 ও Public Procurement Rules 2008 এবং অন্যান্য সরকারি বিধি-বিধান অনুসরণে প্রকল্পসমূহের কাজের গুণগতমান বজায় রেখে নদীভাঙ্গন প্রতিরোধে গৃহীত প্রকল্পসহ অন্যান্য প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বাগানের যে গাছগুলি কর্তন করা হবে তা সংশ্লিষ্ট বিভাগ, ভূমির মালিক এবং এ সংক্রান্ত গঠিত/ বিদ্যমান কমিটির সাথে বসে আলোচনা করে সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিলাম প্রক্রিয়া সম্পন্ন করার এবং জেলা প্রশাসক মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড নড়াইল<br>নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্বাক্ষর নেই এবং যদি সামাজিক বন সৃজিত হয় তবে ০৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠিত হয়।বন বিভাগ এরূপ কোন প্রমাণপত্র দেখাতে পারেননি। বরং পানি উন্নয়ন বোর্ড এরূপ কার্যক্রম গ্রহণে বিরত থাকতে বললেও বন বিভাগ অতি উৎসাহী হয়ে মল্লিকপুর ও ইতনা ইউনিয়নের গাছগুলি মার্কিং কাজ শুরু করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'একনেক' সভায় প্রদত্ত অনুশাসন প্রতিপালনের লক্ষ্যে তিনি বন বিভাগের খাম-খেয়ালী কার্যক্রম বন্ধের বিষয়ে সভাপতি মহোদয়ের ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করেন।<br>সভাপতি বলেন, সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বাগানের যে গাছগুলি কর্তন করা হবে তা সংশ্লিষ্ট বিভাগ, ভূমির মালিক এবং এ সংক্রান্ত গঠিত/বিদ্যমান কমিটির সাথে বসে আলোচনা করে সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিলাম প্রক্রিয়া সম্পন্ন করার এবং জেলা প্রশাসক মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করার জন্য অনুরোধ করেন। এ ছাড়া বনবিভাগ ইতোমধ্যে যে সকল গাছ নিলাম সম্পন্ন করে কর্তন করেছেন এবং করছেন সে বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইলকে আহবায়ক এবং নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নড়াইল, ফরেষ্টার, বন বিভাগ, নড়াইল,সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নড়াইল এবং সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদরকে সদস্য করে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করার অনুরোধ করেন। | গ) বন বিভাগ, নড়াইল কর্তৃক ইতোমধ্যে যে সকল গাছ টেন্ডারের মাধ্যমে কর্তন করা হয়েছে এবং কর্তন করা হবে সে বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য প্রস্তাবিত উপপরিচালক, স্থানীয় সরকার, নড়াইলকে আহবায়ক করে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। গঠিত কমিটিকে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়। | ডিডিএলজি, নড়াইল/ নির্বাহী প্রকৌশলী পাউবো, নড়াইল/ ফরেস্টার, বন বিভাগ নড়াইল/ সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নড়াইল/সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদর |
| ১১. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সভায় অনুপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। কোন কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো। | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল |
| ১২. | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নড়াইলের প্রতিনিধি বলেন, বর্তমানে আইসিটি কলেজ প্রকল্পের আওতায় ১২টি বেসরকারি কলেজে ২১টি প্রকল্পের মধ্যে ২১টি সম্পন্ন হয়েছে। ২০টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৪(চার) তলা বিশিষ্ট নতুন একাডেমিক ভবন নির্মাণ প্রকল্পের ১২টি সমাপ্ত হয়েছে এবং ০৫টি প্রতিষ্ঠানের কার্যক্রম চলমান রয়েছে। ২৩টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের ১৮টি সম্পন্ন হয়েছে। ৫টি প্রতিষ্ঠানের কাজ চলমান রয়েছে। মাদ্রাসা উন্নয়ন প্রকল্পের আওতায় ১২টি মাদ্রাসার মধ্যে ০৭টি মাদ্রাসার কাজ সমাপ্ত হয়েছে এবং ০৫টি মাদ্রাসার কাজ চলমান রয়েছে। কালিয়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নির্মাণ কাজ ৯৮% সম্পন্ন এবং নড়াইল টিএসসি'র একাডেমিক-কাম-ওয়ার্কশপ ভবনের কাজ চলমান রয়েছে। অগ্রগতি ৮০%। সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৬তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ কাজের অগ্রগতি ১০০%।নবনির্মিত ভবনটি প্রতিষ্ঠান প্রধানের নিকট হস্তান্তর করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও সম্প্রসারণ খাতের অধীন ১০১টি প্রতিষ্ঠানের মধ্যে ৫১টি প্রতিষ্ঠানের কাজ সম্পন্ন হয়েছে এবং ৬০টি কাজ চলমান রয়েছে। প্রকৌশলী হাতেম আলী ইঞ্জিনিয়ারিং কলেজের ১০তলা ভিত বিশিষ্ট প্রশাসনিক ভবনের কার্যাদেশ প্রদান করা হয়েছে Test pile এর ঢালাই করা হয়েছে। নড়াইল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের আলোচনা করা হয়। গার্লস স্কুলের যে স্থানে ভবন নির্মিত হবে সেখানে পুরাতন ভবন ও কিছু গাছ রয়েছে। তাই পুরাতন ভবন ও গাছ অপসারণের বিষয়ে অনুরোধ করা হয়। সভাপতি বলেন প্রকৌশলী হাতেম আলী ইঞ্জিনিয়ারিং কলেজের কাজ দ্রুত, সুষ্ঠু ও সঠিকভাবে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং লোহাগড়া উপজেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপনের জন্য জায়গার প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইলকে অনুরোধ করা হয়। | ক) সরকারি বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে প্রকল্পসমূহের কাজ শেষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও কঠোর মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) ইতোমধ্যে যে সকল ভবনের কাজ সমাপ্ত হয়েছে সে সকল ভবন উদ্বোধনসহ দ্রুত হস্তান্তরের উদ্যোগ নেবার অনুরোধ করেন।<br>গ) প্রকৌশলী হাতেম আলী ইঞ্জিনিয়ারিং কলেজের কাজ দ্রুত, সুষ্ঠু ও সঠিকভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।<br>ঘ) লোহাগড়া উপজেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপনের জন্য জায়গার প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইলকে অনুরোধ করা হয়।<br>ঙ) বেসরকারি মাদ্রাসায় ভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ হলে প্রাক্কলন প্রস্তুতের সময়ে প্রাক্কলনে শহীদ মিনার নির্মাণের বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নড়াইল<br><br>নির্বাহী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নড়াইল<br><br>উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া নড়াইল |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইলের প্রতিনিধি নড়াইলের ৯৫টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ৪৫টি কমিউনিটি ক্লিনিকে " কৈশোর বান্ধব নড়াইল জেলা ও পুষ্টি কর্ণার" স্থাপন করা হয়েছে। এটি করার জন্য মাননীয় জেলা প্রশাসক, নড়াইল ও সিভিল সার্জন, নড়াইল মহোদয় বিশেষ উদ্যোগ ও আর্থিক সহায়তা প্রদান করেছেন। এ জন্য তার দপ্তরের পক্ষ হতে জেলা প্রশাসক, নড়াইল ও সিভিল সার্জন, নড়াইল মহোদয়কে ধন্যবাদ জানান। তিনি আরো জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে নড়াইল জেলায় ০৬টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এর মধ্যে ১। লোহাগড়া ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে, হস্তান্তর করা হয়েছে ২। লাহুড়িয়া ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ ৮৪% সমাপ্ত হয়েছে, বাকি কাজ চলমান রয়েছে ৩। কালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ওপিডি ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ (তয় ও ৪র্থ তলা) কাজ চলমান আছে ৪। লোহাগড়া উপজেলার মল্লিকপুর ইউনিয়নের করফায় অধ্যাপক শেখ মোহাম্মদ রোকন উদ্দিন আহমেদ ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ সমাপ্ত হয়েছে, হস্তান্তর করা হয়েছে ৫। ২০২২-২০২৩ অর্থ বছরে ০৯টি কমিউনিটি ক্লিনিক পুনঃনির্মাণ কাজ সম্পন্ন এবং হস্তান্তর করা হয়েছে ৬। ২০২২-২০২৩ অর্থ বছরে ১১টি মেরামত কাজ সম্পন্ন এবং হস্তান্তর করা হয়েছে।<br>সভাপতি বলেন প্রতিটি কমিউনিটি ক্লিনিকে এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিভাগের জনবল দিয়ে কিশোর-কিশোরীদের বেসিক স্বাস্থ্য জ্ঞান ও পুষ্টি জ্ঞান সরবরাহসহ নৈতিক শিক্ষা প্রদান করার জন্য সিভিল সার্জন, নড়াইলকে অনুরোধ করেন এবং সকলের সহযোগিতা কামনা করেন। জানান সমাপ্তকৃত প্রকল্পসমূহ প্রত্যাশি সংস্থার নিকট হস্তান্তরের দ্রুত উদ্যোগ নিতে হবে। | Public Procurement Act 2006 ও Public Procurement Rules 2008 এবং অন্যান্য সরকারি বিধি-বিধান অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও গুণগতমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে প্রকল্পসমূহের কাজ শেষ করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও কঠোর মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রতিটি কমিউনিটি ক্লিনিকে এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিভাগের জনবল দিয়ে কিশোর-কিশোরীদের বেসিক স্বাস্থ্য জ্ঞান ও পুষ্টি জ্ঞান সরবরাহসহ নৈতিক শিক্ষা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল |
| ঘ) কৃষি ও খাদ্য বিভাগ: | | | | |
| ১৪. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপপরিচালক সভাকে অবহিত করেন, এ জেলায় বিভিন্ন ফসলের লক্ষ্যমাত্রা ও আবাদের অর্জনের ধারা অব্যাহত আছে। কৃষি মন্ত্রণালয় কর্তৃক চলতি ২০২৩-২০২৪ রবি রবি মৌসুমে বোরো হাইব্রিড ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সরবরাহের লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচি সহায়তা বাবদ বীজ এবং অন্যান্য অনুদান বাবদ ৬২,৪৫,০০০/- (বাষট্টি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা, রবি মৌসুমে বোরো ধানের (হাইব্রিড বীজ) সমলয় চাষাবাদ ব্লক প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্যে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ১৪,২৮,৫০০/- (চৌদ্দ লক্ষ আটাশ হাজার পাঁচশত) এবং রবি মৌসুমে বোরো ধানের (উফশী) প্রণোদনা বাস্তবায়নের লক্ষ্যে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ১,০৭,৬২,৫০০/-( এক কোটি সাত লক্ষ বাষট্টি হাজার পাঁচশত) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত অর্থ দ্বারা বীজ ও সার ক্রয়পূর্বক কৃষকদের মাঝে বিতরণের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এ ছাড়া সার মনিটরিং জোরদারকরণে উপজেলা সার পরিদর্শকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনার আলোকে পতিত জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত, রাজস্বসহ অন্যান্য প্রকল্প কার্যক্রম এবং কৃষি প্রণোদনা কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সারের মজুদ পরিস্থিতি স্বাভাবিক আছে। করোনাকালীন সময়ে পুষ্টিসহ খাদ্য নিরাপত্তায় কৃষকের সাথে ও কৃষকের পাশে থেকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। | ক) বরাদ্দকৃত সার নির্ধারিত সময়ে উত্তোলন নিশ্চিতকরণ, মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ যেন কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন তা নিশ্চিতকরণে মনিটরিং অব্যাহত রাখতে হবে।<br>খ) নির্ধারিত সময়ের মধ্যে কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ নিশ্চিত করতে হবে।<br>গ) অধিক মুনাফার লোভে/আশায় বিভিন্ন মৌসুমী ফলের চাষের ক্ষেত্রে বিশেষ করে ড্রাগন, তরমুজ ইত্যাদি ফলে হরমোন প্রয়োগ না করা হয় সে বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। | উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নড়াইল |
| ১৫. | বিএডিসি (বীজ বিপণন) | উপ-সহকারী পরিচালক (বীজ বিপণন) জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে রবি মৌসুমে বরাদ্দকৃত বিভিন্ন জাতের বোরো ধানের বীজের ১০৯.৯৬০ মে.টন, গম ৪৬.৫০০মে.টন এবং ১০.৫০০মে.টন ডাল ও তৈল বীজের বরাদ্দ ছিলো যা বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | প্রকৃত কৃষকের নিকট বীজ বিতরণ নিশ্চিত করতে হবে। | সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিতরণ), বিএডিসি নড়াইল |
| ১৬. | বিএডিসি (সার) | উপ-সহকারী পরিচালক (সার) জানান, বর্তমানে নড়াইলস্থ সার গুদামে টিএসপি- ৯১০.০০ মে. টন, এমওপি- ৮৬০.০৫ মে. টন ও ডিএপি- ৭৫৪.৪০ মে. টন মজুদ রয়েছে।<br>সভাপতি বলেন যেহেতু এ জেলায় পর্যাপ্ত পরিমাণে সারের সরবরাহ এবং মজুদ রয়েছে সেহেতু কেউ যেন বিশেষ করে ডিলারগণ যাতে | ক) উপ-বরাদ্দ অনুযায়ী সার ডিলারদের অনুকূলে যথাসময়ে সার সরবরাহ নিশ্চিত করতে হবে।<br>খ)ডিলারগণ যাতে সারের | উপ-সহকারী পরিচালক (সার) বিএডিসি, নড়াইল<br><br>উপপরিচালক, কৃষি |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সারের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,নড়াইল এবং সভাপতি, নড়াইল চেম্বার এন্ড কমার্স ইন্ডাস্ট্রিজ-কে মনিটরিং করার জন্য অনুরোধ করেন। | কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে মনিটরিং জোরদার করার অনুরোধ করা হয়। | সম্প্রসারণ অধিদপ্তর,নড়াইল এবং সভাপতি, নড়াইল চেম্বার এন্ড কমার্স ইন্ডাস্ট্রিজ |
| ১৭. | বিএডিসি (ক্ষুদ্র সেচ) | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) এর প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন ২০২৩-২০২৪ অর্থবছরে উন্নয়নমূলক কাজের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দ পাওয়া গেলে সরকারি বিধি-বিধান অনুসরণে নির্ধারিত সময়ে প্রকল্পসমূহের কাজের গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার এবং পেন্ডিং লাইসেন্স দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি নড়াইল |
| ১৮. | কৃষি বিপণন অধিদপ্তর | জেলা কৃষি বিপণন কর্মকর্তা জানান, গত মাসের তুলনায় চলতি মাসে মোটা ও মাঝারি চাল, মসুর ডাল, রসুন, ধান, ব্রয়লার মুরগী এবং হলুদের দাম বৃদ্ধি পেয়েছে। আলু, পেয়াজের দাম হ্রাস পেয়েছে। অন্যান্য নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য স্থিতিশীল আছে। বাজারে কৃষি বিপণন আইন ২০১৮, বিপণন সংক্রান্ত প্রচার-প্রচারণা এবং খাদ্যে ক্ষতিকারক ফরমালিন ও কার্বাইডের প্রভাব ও চেনার উপায় এবং প্রতিকার সংক্রান্ত লিফলেট বিতরণ করা হচ্ছে।<br>সভাপতি জানান নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কেউ যদি নির্ধারিত মূল্যের অতিরিক্ত দামে পণ্য বিক্রয় করে তবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। এ ছাড়া স্থানীয় ব্যবসায়ীরা যাতে বাজারে কৃত্রিম সংকট তৈরী না করতে পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | ক) দ্রব্যমূল্য স্থিতিশীল/ নিয়ন্ত্রণকল্পে কঠোর মনিটরিং করতে হবে। সয়াবিন তেল যাতে কেউ মজুদ করতে না পারে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>খ) খুচরা বিক্রেতা ও পাইকারী বিক্রেতাদের দরের সাথে সামঞ্জস্য থাকতে হবে। | ক) জেলা কৃষি বিপণন কর্মকর্তা নড়াইল<br>খ) সভাপতি নড়াইল চেম্বার এন্ড কমার্স |
| ১৯. | জেলা খাদ্য অফিস | জেলা খাদ্য নিয়ন্ত্রক উল্লেখ করেন, জেলার ৫টি এলএসডি-তে বর্তমানে চাল ৪৯৫০.৩৭২ মে.টন ও গম ৬৪১.৭৫৩ মে.টন এবং ৫৪৪৯০টি খালি বস্তা মজুদ আছে। চলতি ২০২৩-২৪ অর্থবছরে এ জেলায় অভ্যন্তরীণ আমন ধান ২৩ নভেম্বর, ২০২৩ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত সংগ্রহ করা হবে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০/- টাকা নির্ধারণ করা হয়েছে। চলতি মৌসুমে আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৫০৬.০০০ মে:টন। জেলায় দৈনিক ৬.০০০ মে. টন করে আটা এবং চাল ওএমএস কর্মসূচির মাধ্যমে বিক্রয় অব্যাহত আছে। প্রতি কেজি চালের মূল্য ৩০/- (ত্রিশ) টাকা এবং আটার মূল্য ২৪/- (চব্বিশ) টাকা। দেশব্যাপী ১৬ থেকে ২২ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত খাদ্যশস্য লাইসেন্স গ্রহণ সপ্তাহ-২০২৩ উদযাপিত হয়েছে। এ জেলায় বর্তমানে ৩১৯টি খাদ্যশস্যের লাইসেন্স রয়েছে এবং ব্যবসায়ীদের খাদ্যশস্য লাইসেন্স সংখ্যা বৃদ্ধিকরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে এবং ব্যবসায়ীদের নতুন লাইসেন্সকরণের জন্য চেষ্টা অব্যাহত রয়েছে। এ ছাড়া জেলায় খাদ্যবান্ধব কর্মসূচি ভেরিফাইড ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রমের আওতায় মোট ৩৪,৭৩৬ জন ভোক্তার মধ্যে ৩৪,৭৩৬ জন ভোক্তার তথ্য আপলোড করা হয়েছে এবং ইউসিএফ কর্তৃক ৩৪৪৮০ জন ভোক্তার তথ্য যাচাই করা হয়েছে। যাচাইকৃত ভোক্তাদের মাঝে ১০৪২.০৮০ মে.টন সাধারণ চাল বিতরণ করা হয়েছে।<br>সভাপতি বলেন যে সমস্ত কৃষক খাদ্য গুদামে ধান এবং চাল সরবরাহের জন্য নির্বাচিত হয়েছেন সে সমস্ত কৃষকদের সাথে নিবিড়ভাবে যোগাযোগ করে ধান এবং চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণের অনুরোধ করেন। | ক) সরকারি বিভিন্ন খাদ্য সহায়তা প্রদান কাজে নিয়োজিত ডিলারদের বিক্রয় কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে এবং এই কার্যক্রমের যে কোন স্তরে অনিয়ম পরিলক্ষিত হলে অবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) যে সমস্ত কৃষক খাদ্য গুদামে ধান এবং চাল সরবরাহের জন্য নির্বাচিত হয়েছেন সে সমস্ত কৃষকদের সাথে জেলা খাদ্য অফিসের পক্ষ হতে নিবিড়ভাবে যোগাযোগ করে ধান এবং চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। | জেলা খাদ্য নিয়ন্ত্রক নড়াইল<br>সংশ্লিষ্ট খাদ্য অফিস |
| ২০. | জেলা নিরাপদ খাদ্য দপ্তর | জেলা নিরাপদ খাদ্য অফিসার সভায় উপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় কার্যপত্র দাখিল নিশ্চিত করতে জেলা নিরাপদ খাদ্য অফিসারকে অনুরোধ করা হলো। | জেলা নিরাপদ খাদ্য অফিসার নড়াইল |
| **৬. শিক্ষা বিভাগ:** | | | | |
| ২১. | জেলা শিক্ষা অফিস | জেলা শিক্ষা অফিসার জানান, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সার্বিক শিক্ষা বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি বিদ্যালয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি বিদ্যালয়ে পাঠোভ্যাস গড়ে তোলার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। নড়াইল জেলার সকল উপজেলায় বিদ্যালয়সমূহে নিয়মিত পরিদর্শন | ক) সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সার্বিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>খ) প্রতিটি বিদ্যালয়ে নিয়মিত অভিভাবক সমাবেশ নিশ্চিত | জেলা শিক্ষা অফিসার নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলমান রয়েছে। চলতি শিক্ষা বর্ষে উৎসবমুখর পরিবেশে নতুন বছরের বই শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হয়েছে। তবে ৯ম শ্রেণীর সকল বই এখনও হাতে পাওয়া যায়নি। পাওয়া মাত্রই বিতরণ করা হবে। নড়াইল জেলার সদর উপজেলায় ৩৬ টি, লোহাগড়া উপজেলার ১৯ টি এবং কালিয়া উপজেলায় ২১ টি সহ ৭৬ টি মাধ্যমিক পর্যায়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে মূল গেট নেই। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মূল গেট এবং বাউন্ডারী দেয়াল নেই তার তালিকা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে। তিনি দ্রুত মূল গেট এবং বাউন্ডারী দেয়াল নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহিদ মিনার নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দ্রুত সময়ের মধ্যে শহিদ মিনার তৈরির বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিশেষ করে মুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে পর্যাপ্ত জায়গা রয়েছে। এ প্রতিষ্ঠানে অগ্রাধিকারভিত্তিতে শহীদ মিনার নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। গত মাসে ৪২টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে জেলার কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বীর মুক্তিযোদ্ধাদের কাছ থেকে মুক্তিযুদ্ধের গল্প শোনানো এবং অভিভাবক মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় জানান। তিনি আরো জানান যে, এ জেলার মাদ্রাসাসমূহে শহীদ মিনার নির্মাণের বিষয়ে অনাগ্রহ প্রকাশ করে। ফলে সাংবাদিক, স্বাধীনতার পক্ষের শক্তি, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী নেতৃবৃন্দের সার্বিক সহায়তা কামনা করেন। বিশেষ করে জেলা প্রশাসনের পক্ষ হতে মাদ্রাসাসমূহকে শহীদ মিনার নির্মাণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করলে ভালো ফলাফল পাওয়া যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল বলেন যে সকল মাদ্রাসায় শহীদ মিনার নির্মাণ করতে আগ্রহী, তবে যে সকল প্রতিষ্ঠানের এমপিওভূক্তি নেই তাদের আর্থিক সংগতি না থাকায় তারা শহীদ মিনার নির্মাণ করতে পারছেন না। সরকারিভাবে শহীদ মিনার নির্মাণ করে দিলে মাদ্রাসা কর্তৃপক্ষের আপত্তি নেই মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>সভাপতি বলেন, মাদ্রাসাসমূহের ম্যানেজিং কমিটির সভাপতি স্ব স্ব প্রতিষ্ঠানে শহীদ মিনার নির্মাণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে পারেন। যে সকল মাদ্রাসায় ভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ হয় সে সকল মাদ্রাসায় ভবন নির্মাণের প্রাক্কলন প্রস্তুতের সময়ে বরাদ্দকৃত অর্থ সমন্বয় করে শহীদ মিনার নির্মাণের বিষয়ে প্রাক্কলণে অন্তর্ভূক্ত করার জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করেন। সে ক্ষেত্রে কোন প্রতিষ্ঠান প্রধান (মাদ্রাসার অধ্যক্ষ/সুপার) বাধা প্রদান করলে বা আপত্তি উত্থাপন করলে সে বিষয়ে জেলা প্রশাসনের পক্ষ হতে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ছাড়া ছাত্র-ছাত্রীরা যাতে বছরের শুরুতে শ্রেণী কার্যক্রমে মনোযোগী হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। | করতে হবে।<br>গ) পাঠোভ্যাস গড়ে তোলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ পরিকল্পনা করতে হবে।<br>ঙ) বেসরকারি মাদ্রাসায় ভবন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ হলে প্রাক্কলন প্রস্তুতের সময়ে প্রাক্কলনে শহীদ মিনার নির্মাণের বিষয়টি অন্তর্ভূক্ত করার জন্য নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ করা হয়।<br>চ) যে সকল মাধ্যমিক বিদ্যালয়ে বাউন্ডারী দেয়াল এবং গেট নেই সে সকল বিদ্যালয়েতা নির্মাণের উদ্যোগ নিতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করেন। | |
| ২২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় উপস্থিত হয়ে জানান (ক) ০১ জানুয়ারি ২০২৪ তারিখ নড়াইল জেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যবই সকল শ্রেণীর শিক্ষার্থীদের হাতে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠানের মাধ্যমে বিতরণ করা হয়েছে (খ) নড়াইল জেলার ৪৯৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্ব স্ব ক্যাচমেন্ট এলাকায় শিশু জরিপ সম্পন্ন হয়েছে। ৫+ থেকে ১০+ শিশুর সংখ্যা ৮৫,৯৯০ জন। তন্মধ্যে বালক-৪৩,৪৪৬ এবং বালিকা ৪২,৫৪৪ জন (গ) প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নে সকল কর্মকর্তাগণ কর্তৃক প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। গত মাসে ১৯৮টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। | সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সার্বিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নড়াইল |
| ২৩. | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | সহকারী পরিচালক , উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নড়াইল সভায় উপস্থিত। কার্যপত্র দাখিল করেছেন। কার্যপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় PPP (Public Private Partnership) পদ্ধতিতে নড়াইল সদর ও কালিয়া উপজেলায় ৮-১৪ বছর বয়সী বিদ্যালয় বহির্ভূত ও ঝরে পড়া শিশুদের জন্য 'আউট-অব-চিলড্রেন এডুকেশন' কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত নড়াইল সদর উপজেলায় ৭০টি এবং কালিয়া উপজেলায় ৭০টি মোট | ক) সহকারী পরিচালক , উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নড়াইলকে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সার্বিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>খ) এ জেলার দুর্গম ও প্রত্যন্ত | সহকারী পরিচালক উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১৪০টি শিখনকেন্দ্র চালু রয়েছে। এ সকল শিক্ষার্থীগণ ২০২৫ সালে ডিসেম্বর মাসে ৫ম শ্রেণিতে অধ্যয়ন করবে। কর্মসূচি বাস্তবায়নে 'অগ্রণী মহিলা উন্নয়ন সংস্থা' লীড এনজিও হিসেবে দায়িত্ব পালন করছে। | এলাকায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | |
| **চ. প্রাণিসম্পদ ও মৎস্য বিভাগ:** | | | | |
| ২৪. | জেলা প্রাণিসম্পদ অফিস | জেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সভায় জানান যে, ৩৩২২টি গবাদিপশুকে এবং ২৩২০০০টি হাঁস-মুরগীকে টিকা প্রদান করা হয়েছে। ৭৫১৮টি গবাদিপশু ও ৪০৩২৫টি হাঁস-মুরগী এবং ৩৬টি পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। ২৪৪৩টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন প্রদান করা হয়েছে। গবাদিপশু ও পাখির রোগ অনুসন্ধানে ৩৬টি নমুনা সংগ্রহপূর্বক গবেষণাগারে প্রেরণ করা হয়েছে। ডিজিজ সার্ভিলেন্স ০৭টি,ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন-০৪টি, খামারী প্রশিক্ষণ ১৯৪৯ জন, উঠান বৈঠক আয়োজন-১৮টি, খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন-৫১টি, পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন ও নবায়ন-০৭টি, গবাদিপশু খামার রেজিস্ট্রেশন ও নরায়ন-০৪টি। সম্প্রসারণ কার্যক্রমের আওতায় ২,০৬,০০,০০০( দুই কোটি ছয় লক্ষ) টি ডিম, ৪৭৩৭মে.টন মাংস, ৮১৪৬ মে.টন দুধ এবং ২৪৬২৭ পিস চামড়া উৎপাদিত হয়েছে। চলমান প্রকল্প সমূহের মধ্যে প্রাপ্ত বরাদ্দ অনুসারে এলডিপি'র অগ্রগতি ৭০% এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ ও পিপিআর নির্মূল প্রকল্পের অগ্রগতি ১০০%।<br>সভাপতি বলেন যে, এ জেলার শিশুদের স্বাস্থ্য ও ব্রেইনের বিকাশসাধনের লক্ষ্যে এবং পুষ্টি ও ক্যালসিয়ামের ক্রাইসিস না হয় সে লক্ষ্যে ক্যালসিয়ামের উৎপাদন বৃদ্ধি ও সরবরাহ নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। এ ছাড়া ক্যালসিয়ামের ঘাটতি পূরণের লক্ষ্যে প্রত্যেককে দিনে অন্তত এক গ্লাস দুধ পান করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন যে, খাবারে ভেজাল প্রতিরোধে এবং খাবারের মান নিয়ন্ত্রণে স্যানেটারী ইন্সপেক্টরকে প্রতিদিন বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। | ক) সরকারি বিধি-বিধান অনুসরণ করে বিভাগীয় কাজে আরো গতিশীলতা আনয়নের জন্য অনুরোধ করা হয়।<br>খ) স্থানীয়ভাবে ক্যালসিয়ামের ঘাটতি পূরণের লক্ষ্যে দুধের উৎপাদন বৃদ্ধি এবং বাজারজাত করতে কার্যকরী উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করা হয়।<br>গ) খাবারে ভেজাল প্রতিরোধে এবং খাবারের মান নিয়ন্ত্রণে স্যানেটারী ইন্সপেক্টরকে প্রতিদিন বাজার মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | জেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল<br>সিভিল সার্জন নড়াইল |
| ২৫. | জেলা মৎস্য অফিস | জেলা মৎস্য অফিসার জানান, জানুয়ারি/২০২৪ মাসে ১০টি অভিযান পরিচালনা করে ৫০০ মিটার কারেন্ট জাল আটক করে বিনষ্ট করা হয়েছে। ১৬টি চিংড়ী/মৎস্য উৎপাদনকারী সংগঠন তৈরী করা হয়েছে। ৬৬ জন মৎস্য চাষী ও মৎস্যজীবিকে পরামর্শ প্রদান করা হয়েছে, ৬৫ জন মৎস্য চাষী ও মৎস্যজীবিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৪টি মৎস্য অভয়াশ্রম সংস্কার করা হয়েছে। ০১ টি প্রদর্শনী খামার স্থাপন কার হয়েছে। NRCP এর আওতায় ০৬ টি মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা করা হয়েছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য সম্পদের উন্নয়নসহ উৎপাদন বৃদ্ধি এবং মৎস্য বিষয়ক আইনের প্রয়োগ ও প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | জেলা মৎস্য অফিসার, নড়াইল |
| **ছ. মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** | | | | |
| ২৬. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপপরিচালক সভাকে জানান, গত মাসে মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় নড়াইল জেলায় ১৯০৬ জন দু:স্থ মহিলার মাঝে (ক্রমপুঞ্জিত) ১,৭৫,০৪,০০০/-টাকা ঋণ বিতরণ এবং জানুয়ারি/২৪ মাসে ৬২০০০/- টাকা আদায় করা হয়েছে। ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় সর্বমোট ৭০৭০ জন উপকারভোগী রয়েছে এবং ডিসেম্বর/২০২৩ মাসে ২১২.১০০ মে.টন খাদ্য বিতরণ করা হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় এ জেলায় ২০২৩-২৪ অর্থ বছরে নড়াইল সদর উপজেলায় ১৩টি, লোহাগড়া উপজেলায় ১২টিসহ মোট ২৫টি ইউনিয়নে ০৬জন করে, কালিয়া উপজেলার ১৪টি ইউনিয়নে ১৫জন করে এবং নড়াইল সদর ও লোহাগড়া পৌরসভায় ১৩জন করে ও কালিয়া পৌরসভায় ২৭জন করে উপকারভোগীর বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী উপকারভোগী নির্বাচন কার্যক্রম চলছে। এ ছাড়া এ জেলার নড়াইল সদরে ২৫টি, লোহাগড়ায়-৪টি ও কালিয়াতে ১৩টি সর্বমোট ৪২টি সক্রিয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন | ক) বাল্য বিবাহমুক্ত নড়াইল গড়ার লক্ষ্যে ইউনিয়ন, ওয়ার্ড এবং মাধ্যমিক বিদ্যালয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ) বাল্যবিবাহ ও যৌতুকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধমূলক কার্যক্রম, সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম যথাযথ মনিটরিং এবং প্রশিক্ষণ গ্রহণকারীদের আত্মনির্ভরশীল হতে উদ্বুদ্ধ করতে হবে। | ক) উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল<br>খ) জেলা শিক্ষা অফিসার, নড়াইল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | রয়েছে। সংগঠনগুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ ইত্যাদি বিষয়ে কাজ করছে। ''জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ'' কর্মসূচির আওতায় প্রশিক্ষণ কেন্দ্রে ৩মাস মেয়াদী ৫টি ট্রেডে ২০জন করে মোট ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া WTC প্রশিক্ষণ কেন্দ্র লোহাগড়ায় ৩০জন এবং কালিয়াতে ৩০ জন প্রশিক্ষণার্থী রয়েছে। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। নড়াইল সদর উপজেলায় ১৪টি, লোহাগড়া উপজেলায় ১৩টি এবং কালিয়া উপজেলায় ১৫টিসহ এ জেলায় সর্বমোট ৪২টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম অব্যাহত আছে। এপিসি প্রকল্পের আওতায় নড়াইল সদর উপজেলায় ১৬টি ও কালিয়া উপজেলায় ০৫টিসহ মোট ২১টি হাব রয়েছে। হাবে আগত কিশোর-কিশোরীদেরকে বাল্যবিবাহের কুফল, মাদকের ক্ষতিকর দিকসহ বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক আলোচনা করা হয়। ডিসেম্বর/২০২৩ মাসে নড়াইল সদরে ০৫টি ও লোহাগড়া উপজেলায় ০২টি মোট ০৭টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। আইসিভিজিডি কর্মসূচির আওতায় চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে কালিয়া উপজেলায় ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৪৬০জন উপকারভোগীকে প্রশিক্ষণ শেষে তাদের স্ব স্ব ব্যাংক হিসাবে জনপ্রতি ২২,৬৫০/- (বাইশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা করে সর্বমোট ৩,৩০,৬৯,০০০/- (তিন কোটি ত্রিশ লক্ষ উনসত্তর হাজার) টাকা প্রদান করা হবে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ২৭. | শিশু বিষয়ক কার্যালয় | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা জানান, বাংলাদেশ শিশু একাডেমি নড়াইল জেলা কার্যালয়ের নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। শিশু বিকাশ কেন্দ্র, প্রাক্-প্রাথমিক শিক্ষা, সাংস্কৃতিক প্রশিক্ষণ ও লাইব্রেরিভিত্তিক কার্যক্রম অব্যাহত আছে। বাংলাদেশ শিশু একাডেমি নড়াইল জেলা কার্যালয় পরিচালিত শিশুদের সাংস্কৃতিক প্রশিক্ষণ ক্লাসের এবং শিশু বিকাশ শ্রেণি ও প্রাক বিদ্যালয় শ্রেণির ছাত্র/ছাত্রীদের বার্ষিক পরীক্ষা সমাপ্ত হয়েছে। এ কার্যালয়ের শিশু বিষয়ক কর্মকর্তা জনাব মোঃ ওয়ালিউর রহমানের অবসরজনিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠান জেলা প্রশাসনের সহযোগিতায় শিশু একাডেমি নাড়ইল জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসনের সহযোগিতায় শিশুদের মাঝে বই ও কম্বল বিতরণ করা হয়েছে। এ ছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | শিশুদের মানসিক বিকাশে সহায়ক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, নড়াইল |
| **জ. যুব ও ক্রীড়া বিভাগ:** | | | | |
| ২৮. | যুব উন্নয়ন অধিদপ্তর | উপপরিচালক সভায় উল্লেখ করেন, ২০২৩-২০২৪ অর্থবছরে পোশাক তৈরি, মৎস্যচাষ প্রশিক্ষণ, কম্পিউটার বেসিক কোর্স, ইলেকট্রিক্যাল অ্যান্ড হাউজ ওয়্যারিং, ইলেকট্রনিক্স, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং, ব্লকবাটিক, বিউটিফিকেশন, আত্নকর্মী থেকে উদ্যোক্তা, এবং গবাদি পশু, হাঁস-মুরগি পালন, মৎস্য ও মাশরুম চাষসহ মোট ১৪টি ট্রেডের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যাহত আছে। | যুবদের উন্নয়নে নিয়মিত প্রশিক্ষণ প্রদান ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে প্রয়োজনীয় মোটিভেশন এবং ঋণ বিতরণ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর নড়াইল |
| ২৯. | জেলা ক্রীড়া অফিস | জেলা ক্রীড়া অফিসার জানান, জেলা ক্রীড়া অফিস, নড়াইলের বার্ষিক কর্মসূচি ২০২৩-২০২৪ অনুযায়ী সদর উপজেলার জেলা শিল্পকলা একাডেমিতে অটিজম আক্রান্ত শিশুদের ক্রীড়া ও আনন্দ উৎসব অনুষ্ঠিত হয়েছে এবং অ্যাথলেটিক্স প্রশিক্ষণ ও প্রতিযোগিতার প্রস্তুতি চলছে। শারীরিক অনুশীলন ও ক্রীড়ায় উদ্বুদ্ধকরণে নড়াইল সদর, লোহাগড়া ও কালিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়াক্লাবে গমন করা হয় এবং কয়েকটি ক্রীড়াক্লাব ও শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী প্রদান করা হয়। | বার্ষিক ক্রীড়া কর্মসূচি বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা ক্রীড়া অফিসার নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| **ঋ. সমাজসেবা বিভাগ:** | | | | |
| ৩০. | জেলা সমাজসেবা কার্যালয় | উপপরিচালক উল্লেখ করেন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতায় বয়স্কভাতা-৩৫,৭০৮ জন, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা-১৫,৩৩৩ জন, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলা ভাতা- ১৬,৪৫৯ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি- ৩৪১ জন, অনগ্রসর জনগোষ্ঠী ভাতা-৩২৫ জন, বেদে জনগোষ্ঠী ভাতা- ৩৩০ জন, অনগ্রসর জনগোষ্ঠী শিক্ষা উপবৃত্তি- ৩৪৮ জন, বেদে জনগোষ্ঠী শিক্ষা উপবৃত্তি-৩৮০ জন এবং অন্যান্য (হিজড়া) জনগোষ্ঠীর ০২ জনকে ভাতা প্রদান করা হয়েছে। সরকারি শিশু পরিবারে ৫০ জন বসবাস করছে। রোগী কল্যাণ সমিতির মাধ্যমে ৫০,১০০/- টাকা দিয়ে ৪৩ জন রোগীকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে। এ তহবিলে বর্তমানে স্থিতির পরিমাণ ৮,১২,৮০৫/- টাকা। সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রমের আওতায় ০৬ জনকে শিক্ষা দেয়া হচ্ছে। যোগানিয়া আশ্রয়ণ প্রকল্প, কালিয়াতে ২,৭২,,০০০/- টাকা ঋণ পুন:বিনিয়োগ করা হয়েছে এবং ১,৪৮,১০১/- টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৫০%। এছাড়া আরএসএস ও আরএমসি (১ম-৬ষ্ঠ পর্ব) প্রকল্পের আওতায় ৫,৮৯,৫০,৮৭৬/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় ৫,৪২,২৮,৫৫৭/- টাকা, আদায়ের হার ৮৯% এবং উপকারভোগীর সংখ্যা ১৩,১৩৭ জন। | ক) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন পর্যায়ের ভাতাভোগীদের ভাতা যথাসময়ে বিতরণ নিশ্চিতকরণ ও নিবিড় তদারকি অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, নড়াইল |
| ৩১. | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় উল্লেখ করেন, গত মাসে নতুন নিবন্ধনকৃত রোগী পুরুষ-২৯, মহিলা-১৭ ও শিশু-০৭ জনকে চিকিৎসা সেবা প্রদান করাসহ জানুয়ারি/২৪ মাসে ১৯১০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট নিবন্ধিত রোগীর সংখ্যা ৭৩২৪ জন। এ প্রতিষ্ঠানটি শুরু থেকে বিবেচ্য মাস পর্যন্ত ১,৩৬,৫৪১ জনকে সেবা প্রদান করেছে। | আন্তরিকতার সাথে আগত রোগী ও প্রতিবন্ধীদের চিকিৎসা ও অন্যান্য সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, নড়াইল |
| **ঞ. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ:** | | | | |
| ৩২. | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আওতায় স্বল্প মেয়াদী শস্য ঋণ, মেয়াদী ঋণ, নিজস্ব তহবিল, আবর্তক কৃষি, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচি, মহিলা উন্নয়ন অনুবিভাগ, পল্লী জীবিকায়ন কর্মসূচি, অপ্রধান শস্য প্রকল্প, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্মসংস্থান কর্মসূচি, ইরোসপো প্রকল্প, গুচ্ছগ্রাম প্রকল্প, পিআরডিটি-৩ প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। জেলায় বিআরডিবি'র বিভিন্ন প্রকল্প ও কর্মসূচিসমূহের ২০২৩-২০২৪ অর্থ বছরে ২১৮৫.৬৭ লক্ষ টাকা বিতরণের লক্ষমাত্রার বিপরীতে ইতোমধ্যে ৪৩৭ জন সদস্যদের মধ্যে ৮৩৯.৪৮ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৭৯৮.৮৯ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। বর্তমানে মাঠে বকেয়া ঋণের পরিমাণ ১৩৩৫.১০ লক্ষ টাকা যার মধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ৩৫০.১৮ লক্ষ টাকা। এসব ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। চলতি অর্থ বছরে ২৪০ জনকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৬৩০টি প্রাথমিক সমিতির মধ্যে ৩২টির অডিট সম্পাদন করা হয়েছে। সদস্যদের নিকট হতে ৫০.৬৩ লক্ষ টাকা সঞ্চয় ও ১.৮৭ লক্ষ টাকা শেয়ার জমা পূর্বক পুঁজি গঠন করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী সম্পন্ন হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে পিআরডিপি-৩ এর লক্ষ্যমাত্রা এখনও পাওয়া যায়নি। | সমিতি অডিটকরণ, ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম তদারকি, বিআরডিবি'র সমিতিসহ পল্লী সঞ্চয় ব্যাংকের সমিতির সদস্যদের সঞ্চয় বৃদ্ধি, পুঁজি গঠন এবং পুনর্বাসিত ভিক্ষুকদের ঋণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক বিআরডিবি, নড়াইল |
| ৩৩. | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপপরিচালক, সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে ক্ষুদ্র ঋণ, নারী উদ্যোক্তা ঋণ, প্রণোদনা ঋণ এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের আওতায় ১৭২৫.০০ লক্ষ টাকার মধ্যে ৮৯০.০০ লক্ষ টাকা ঋণ বরাদ্দ পাওয়া গেছে এবং ৮৪৩.৪৭ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৫%। | সরকারি বিধি-বিধান অনুসরণ করে দাপ্তরিক কাজে আরো গতি বৃদ্ধি করতে হবে। | উপপরিচালক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, নড়াইল |
| ৩৪. | জেলা সমবায় অফিস | জেলা সমবায় অফিসার উল্লেখ করেন, সরকারি বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে গঠিত স্ব-প্রণোদিতভাবে গড়ে উঠা সমবায় সমিতির নিবন্ধন প্রদান, অডিট, পরিদর্শন, তদারকি, প্রশিক্ষণ প্রদান, সরকারি রাজস্ব আদায়, সমবায় সমিতির বিবাদ নিষ্পত্তি ইত্যাদি কার্যক্রম সমবায় অফিসের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। এ জেলায় সমবায় সমিতির মাধ্যমে প্রত্যক্ষ-১৫০ জনের এবং পরোক্ষভাবে ৯২ জনের আত্ন-কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। এ ছাড়া জেলায় বর্তমানে অডিটযোগ্য সমবায় সমিতির সংখ্যা-২৯৭টি, কেন্দ্রীয় ০৭টি, অডিট সম্পাদন ৬৫টি, | ক) সরকারি রাজস্ব আদায়সহ সমবায়ীদের সকল কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে। খ) মুজিব বর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত ঘরে বসবাসকারী উপকারভোগীদের নিয়ে সমবায় | জেলা সমবায় অফিসার, নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অডিট সম্পাদনের হার ২২%। সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া এলজিইডি এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর সাথে সমঝোতা স্মারকের মাধ্যমে যৌথভাবে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির কার্যক্রম পরিচালনা, তদারকী, প্রশিক্ষণ, অডিট ও আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ ও আদায় নিয়মানুযায়ী করা হচ্ছে। | সমিতি গঠন করতে হবে। | |
| **ট. জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগ:** | | | | |
| ৩৫. | আনসার ও ভিডিপি | জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি, নড়াইল সদ্য সমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জেলা প্রশাসনের সুষ্ঠ সমন্বয় ও সরাসরি তত্ত্বাবধানে এবং অন্যান্য অংশীজনের সার্বিক সহযোগিতায় একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন উপহার দেয়ার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি জানান এ নির্বাচনে ৩১৪০ জন জনবল দায়িত্ব পালন করেছেন। নিয়োজিত আনসার সদস্যবৃন্দ পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করায় তাদেরকেও তিনি ধন্যবাদ জানান। এ ছাড়া নড়াইল জেলায় প্রতিটি উপজেলায় ১৫জন করে ০৩টি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের অফিসে, বাসভবনে এবং উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তায় সর্বমোট ৩০জন সশস্ত্র পিসি/এপিসি ও আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। এ ছাড়াও নড়াইল জেলার বিভিন্ন কেপিআই/সংস্থা ও সরকারি প্রতিষ্ঠানে ০৫জন পিসি, ০৬জন এপিসি, ১১৯জন সাধারণ আনসার ও ০৬জন ভিডিপিসহ সর্বমোট ১৩৬জন পিসি,এপিসি, সাধারণ আনসার ও ভিডিপি সদস্য মোতায়েন রয়েছে। প্রতিটি গ্রামে আনসার-ভিডিপি'র প্রশিক্ষিত প্লাটুনভুক্ত সদস্য/সদস্যাগণ নিরবিচ্ছিন্নভাবে আইন-শৃঙ্খলা রক্ষার কার্যক্রম অব্যাহত রেখে চলছে।<br>সভাপতি বলেন, সদ্য সমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনকারী সকল আনসার সদস্যকে জেলা প্রশাসেন পক্ষ হতে ধন্যবাদ জানান এবং তাদের পেশাদারিত্বেরও প্রসংশা করেন। | ক) দায়িত্বপ্রাপ্ত আনসার সদস্যদের বিধিমতে দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধ করা হয়।<br><br>খ) জেলা আনসার কমান্ড্যান্ট প্রধানমন্ত্রীর নিকট হতে প্রেসিডেন্ট পদক পাওয়ায় সবার পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। | জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি নড়াইল |
| ৩৬. | জেলা কারাগার | জেল সুপার, নড়াইল জানান, জেলা কারাগারের সার্বিক কার্যক্রম স্বাভাবিক আছে। | জেলা কারাগারের সার্বিক কার্যক্রমের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | জেল সুপার, জেলা কারাগার |
| ৩৭. | আঞ্চলিক পাসপোর্ট অফিস | উপসহকারী পরিচালক, নড়াইল জানান সেবা প্রত্যাশিদের সেবা প্রাপ্তির সুবিধার্থে এবং অযথা হয়রানীর হাত থেকে রক্ষার লক্ষ্যে অফিসের বিভিন্ন স্থানে আবেদনকারীদের স্বার্থে বিভিন্ন তথ্যসম্বলিত ব্যানার, ফেস্টুন টানানো আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।<br>সভাপতি বলেন পাসপোর্ট অফিস যাতে দালালমুক্ত হয় সেটি নিশ্চিত করতে হবে। আগত সেবা প্রত্যাশিদের সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য হেল্প ডেস্ককে কার্যকরী করার জন্য অনুরোধ করেন। এ ছাড়া যারা পাসপোর্ট করতে যায় তারা যেন নিজেরা পাসপোর্ট করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করেন। | ক) দাপ্তরিক কাজে আরো গতি আনয়ন করতে হবে এবং অফিসকে দালালমুক্ত করতে সচেষ্ট হতে অনুরোধ করা হয়।<br>খ) পাসপোর্ট অফিসের হেল্প ডেস্ককে কার্যকরী করার জন্য অনুরোধ করা হয় যাতে যারা পাসপোর্ট করতে যায় তারা যেন নিজেরা পাসপোর্ট করতে পারে। | উপসহকারী পরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল |
| ৩৮. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নড়াইল জানান জানুয়ারি/২০২৪ মাসে নড়াইল সদরে ০৬টি ও লোহাগড়াতে ০৩টি এবং কালিয়াতে ০১টি অগ্নিকান্ড সংগঠিত হয়েছে, যার আর্থিক ক্ষতি ৩,৪৫,০০০/- টাকা, উদ্ধারের পরিমাণ ১৩,৮৫,০০০/-। এ ছাড়া নড়াইল ফায়ার স্টেশনের আওতায় ০৩টি ও লোহাগড়া ফায়ার স্টেশনের আওতায় ০১টি দুর্ঘটনায় ০৭ জন আহত হয়েছে। | দাপ্তরিক কাজে আরো গতি আনয়ন করতে হবে। | উপ-সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নড়াইল |
| **ঠ. বিদ্যুৎ বিভাগ:** | | | | |
| ৩৯. | ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | নির্বাহী প্রকৌশলী জানান, ওজোপাডিকো লিঃ এর অধিক্ষেত্র নড়াইল পৌর এলাকায় মোট ২০৪৭৫ জন গ্রাহক রয়েছে। গত মাসে নতুন সংযোগের জন্য ৬৮টি আবেদন পাওয়া গেছে এবং ৬৮টি সংযোগই প্রদান করা হয়েছে। জানুয়ারি/২০২৪ মাসে বিদ্যুতের চাহিদা-০৫ মেগাওয়াট। জানুয়ারি/২০২৪ মাসে অনাদায়ী বিদ্যুৎ বিলের পরিমান-২.১৭ কোটি টাকা। নড়াইল পৌরসভার বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সভাপতি মহোদয়ের সহযোগিতা কামনা করেন।<br>সভাপতি বর্ষার সময় যাতে বিদ্যুৎ বিভ্রাট না ঘটে সে জন্য মেইন লাইনের উপর থেকে গাছাপালা কর্তন করে মেইন লাইন পরিস্কার রাখার অনুরোধ করেন। | ১। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ, বকেয়া আদায় ও বিদ্যুৎ লাইনের নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।<br>২। নড়াইল পৌরসভাকে পর্যায়ক্রমে বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী ওজোপাডিকো লিঃ নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪০. | পল্লী বিদ্যুৎ সমিতি-২ নড়াইল জোনাল অফিস | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইলের সভায় অনুপস্থিত এবং কোন কার্যপত্র পাওয়া যায়নি। কার্যপত্র না পাওয়ায় এ বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইলকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য ও পরবর্তী সভায় কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম জোনাল অফিস পল্লী বিদ্যুৎ সমিতি-২ তালতলা, নড়াইল |
| **ড. অর্থ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ:** | | | | |
| ৪১. | জেলা সঞ্চয় অফিস | সঞ্চয় অফিসার সভায় জানান, ২০২৩-২০২৪ অর্থবছরে ৪টি প্রকল্পের জানুয়ারি/২০২৪ মাসে বিনিয়োগ ২.৬৫৫০ কোটি টাকা, বিনিয়োগকারীর সংখ্যা ৫৬ জন। জুলাই-ডিসেম্বর/২৩ পর্যন্ত বিনিয়োগ ২০.৫৪৩০ কোটি টাকা এবং বিনিয়োগকারীর সংখ্যা-৩৯৭জন। | লক্ষ্যমাত্রা অর্জনে মোটিভেশনাল ওয়ার্ক অব্যাহত রাখতে হবে। বিনিয়োগকারীগণ যাতে কোন রকম হয়রানির শিকার না হন তা নিশ্চিত করতে হবে। | সঞ্চয় অফিসার নড়াইল |
| **ঢ. শিল্প ও বাণিজ্য বিভাগ:** | | | | |
| ৪২. | বিসিক | উপ-ব্যবস্থাপক, বিসিক, সভায় উপস্থিত। কোন কার্যপত্র দাখিল করেননি। কার্যপত্র না পাওয়ায় এ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | নিয়মিত কার্যপত্র দাখিল নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। | উপব্যবস্থাপক বিসিক নড়াইল |
| **ণ. ধর্ম বিষয়ক বিভাগ:** | | | | |
| ৪৩. | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | সহকারী প্রকল্প পরিচালক জানান, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্প এর আওতায় ৬৩টি প্রাক প্রাথমিক, ১২টি ধর্মীয় শিক্ষা শিশু ও ১৮টি ধর্মীয় শিক্ষা বয়স্ক শিক্ষা কেন্দ্র মোট ৯৩টি শিক্ষাকেন্দ্রে চলমান রয়েছে। প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র, ধর্মীয় শিক্ষা শিশু ও ধর্মীয় শিক্ষা কেন্দ্র বয়স্ক শিক্ষা কেন্দ্রসমূহে সপ্তাহে ০৫(পাঁচ) দিন ক্লাস চলমান রয়েছে। সন্ত্রাস, জঙ্গীবাদ ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল শিক্ষাকেন্দ্র ও জেলার বিভিন্ন মন্দিরে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া মাদক, শিশু, নারী পাচার, যৌতুক ও বাল্য বিবাহ বিরোধী প্রচারণাও অব্যাহত আছে। এ ছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, নড়াইল |
| ৪৪. | ইসলামিক ফাউন্ডেশন | উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন সভায় উপস্থিত। তিনি জানান, বর্তমানে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পরিচালিত সহজ কুরআন শিক্ষা কেন্দ্র ২৪৮টি, প্রাক প্রাথমিক শিক্ষা কেন্দ্র ২২০টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ১২টিসহ মোট ৪৮২ টি কেন্দ্রে এবং ৪টি মডেল রিসোর্স সেন্টার ও ১২টি সাধারণ রিসোর্স সেন্টারের শিক্ষা কার্যক্রম চলমান আছে। সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা সদরসহ কালিয়া, লোহাগড়া উপজেলা এবং নড়াগাতী জোনে স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা ও সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত আছে। দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসার কার্যক্রমে নতুন প্রকল্প অনুমোদন হয়েছে এবং প্রকল্প পরিচালক নিয়োগ, শিক্ষকসহ অন্যান্য কর্মচারী রয়েছে। ইসলামিক ফাউন্ডেশন, নড়াইল জেলা কার্যালয়ের লাইব্রেরি প্রতিদিন অফিস চলাকালীন সময়ে খোলা থাকে এবং প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বিক্রয় কেন্দ্র হতে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত বই ২৫%, ৩০% ও ৩৫% কমিশনে ক্ষেত্রবিশেষ ৭৫% কমিশনে বিক্রয় করা হয়। অফিসের বিক্রয় কেন্দ্র হতে সকলকে বই ক্রয়ের জন্য অনুরোধ করেন। মসজিদসমূহে খুৎবার পূর্বে মাদক, শিশু ও নারী পাচার, যৌতুক, সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী প্রচার-প্রচারণা অব্যাহত রাখা হয়েছে। নিয়মিত চাঁদ দেখা কমিটির সভা অনুষ্ঠিত হচ্ছে। বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়েছে। কালিয়া ও সদর উপজেলা মডেল মসজিদ গত ৩০ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখ মাননীয় প্রধান মন্ত্রী উদ্বোধন করেন। গত ০১ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখে উক্ত মসজিদে ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও উপজেলা অফিস স্থানান্তরের জন্য ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যলয়ের ২৭ নভেম্বর, ২০২৩ তারিখে ১৬.০১.০০০০.০০৫.১৮.০০৬.১৭.২০.৮৪ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু অফিস কার্যক্রম পরিচালনার উপযুক্ত না হওয়ার কারণে আগামী ১লা রমজান, ১৪৪৫ হিজরী (১২ মার্চ, ২০২৪ খ্রি.) তারিখ অফিস ও নামজের জন্য মসজিদের যাবতীয় কাজ সম্পন্ন করে অফিস পরিচালনা ও নামাজ আদায়ের জন্য উপযুক্ত করে দেওয়া হবে। সভাপতি মহোদয় ১লা রমজান থেকে মডেল মসজিদ চালুর জন্য | ক) মাদক, শিশু ও নারী পাচার, যৌতুক, বাল্যবিবাহ, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জেলার সকল মসজিদের ইমামের মাধ্যমে জনগণকে সচেতন করতে হবে।<br>খ) রেজিস্ট্রিবিহীন কোন বিবাহ যাতে সম্পন্ন না হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য ম্যারেজ রেজিস্টার ও ইমামগণকে অনুরোধ করা হয়।<br><br>গ) আসন্ন রমজানের পূর্বেই মডেল মসজিদে ইসলামিক ফাউন্ডেশনের অফিস স্থানান্তর করার নিমিত্ত মডেল মসজিদের যাবতীয় কাজ সম্পন্ন অনুরোধ করা হয়। | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন নড়াইল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩. বিভিন্ন বিভাগ: | | | | |
| ৪৫. | পরিসংখ্যান বিভাগ | উপপরিচালক (ভারপ্রাপ্ত) সভায় উল্লেখ করেন, (১) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল অ্যাকাউন্টিং উইং-এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের তথ্য সংগ্রহ কার্যক্রম প্রতিমাসের ১১-১৯ তারিখের মধ্যে করা হয় (২) বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ (৩) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্প কর্তৃক পরিচালিত Labour Force Survey (LFS) এর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ ৪। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (SVRS) ইন ডিজিটাল প্লাটফর্মে (CAPI) মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা (৫) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশান এন্ড রিবেইজিং অব ইনডিসেস (IGC & RI) প্রকল্পের আওতায় Quantum Index of Industraial Production (QIIP) ও Producer Price Index (PPI) রিবেজ ও রিভিশন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ (৬) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশান এন্ড রিবেইজিং অব ইনডিসেস (IGC & RI) প্রকল্পের আওতায় Building Material Price Index (BMPI) রিবেজ ও রিভিশন করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ (৭)বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশান এন্ড রিবেইজিং অব ইনডিসিস (IGC & RI) প্রকল্পের আওতায় Wage Rate Index (WRI) রিবেজিং ও রিভিশন এর লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ। | জরিপের উদ্দেশ্য, লক্ষ্য ও ফলাফল জনসাধারণ এবং সভাকে অবহিত করতে হবে। | উপপরিচালক জেলা পরিসংখ্যান অফিস, নড়াইল |
| ৪৬. | জেলা তথ্য অফিস | জেলা তথ্য অফিসার জানান, গত মাসে ১২টি পথ প্রচার/ শ্লোগান/ কথামালা প্রচার, ১৩টি জনসচেতনতামূলক চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শন, ০৭দিন উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান, পিএ কাভারেজ ১০ টি এবং ৩০০০ কপি পোস্টার/পুস্তিকা বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি করোনা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি সম্পর্কিত ঘোষণাটি প্রচার অব্যাহত রাখতে হবে। | জেলা তথ্য অফিসার নড়াইল |
| ৪৭. | জেলা নির্বাচন অফিস | জেলা নির্বাচন অফিসার, নড়াইল সভায় উপস্থিত। তিনি সদ্য সমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠানে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে যে সকল অংশীজন সহায়তা করেছেন তাদের সকলকে তার দপ্তরের পক্ষ হতে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন যে, আগামী মে ১ম সপ্তাহে ১ম ধাপে কালিয়া এবং ২য় ধাপে মে/২০২৪ মাসের ২য় সপ্তাহে নড়াইল সদর উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনেও তিনি সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে সম্ভাব্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারের তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা প্রদানেরও অনুরোধ করেন। সম্ভাব্য তালিকা প্রস্তুতের ক্ষেত্রে অসুস্থ ও দায়িত্ব পালনে অক্ষম প্রকৃতির কর্মকর্তা-কর্মচারীদের বাদ রাখার জন্যও তিনি অনুরোধ করেন। উল্লেখ্য ইতোপূর্বে প্রেরিত তালিকায় যে সকল কর্মকর্তা-কর্মচারী অসুস্থ্য তাদের তালিকা আলাদাভাবে প্রেরণ করার জন্যও অনুরোধ করেন। তিনি বলেন যে ইতোমধ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। সকল নাগরিকের জন্ম তারিখ ০১/০১/২০০৬ বা তার পূর্বে তারা সকলেই এই ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হবেন। প্রকাশিত ভোটার তালিকার বিষয়ে কারো কোন আপত্তি থাকে তবে তারা ২১/০১/২০২৪ তারিখ হতে ০৫/০২/২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাচন অফিসারের দপ্তরে দাবী/ আপত্তি দাখিল করতে পারবেন। আগামী ০২/০৩/২০২৪ তারিখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। আগামী ২রা মার্চ ভোটার দিবস অনুষ্ঠিত হবে। পাসপোর্ট অফিসের হয়রানি বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>সভাপতি বলেন নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত খসড়া ভোটার তালিকা, খসড়া ভোটার তালিকার উপর দাবী/আপত্তি দাখিলের সময়সীমা, দাবী/আপত্তি নিষ্পত্তির সময়সীমা এবং চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্ত তথ্যাদি ব্যাপক প্রচার করার জন্য জেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করেন। এ ছাড়াও ব্যাপক প্রচারের লক্ষ্যে এ সংক্রান্ত তথ্যাবলী জেলা প্রশাসনের মিডিয়া সেল, বিভিন্ন সাংবাদিক এবং জেলা-উপজেলা পর্যায়ের প্রেস ক্লাবে সরবরাহ করার জন্যও অনুরোধ করেন।নির্বাচন উপলক্ষ্যে সকলকে স্ব স্ব অবস্থান হতে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করেন। | ক) আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সকলকে স্ব স্ব অবস্থান হতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>খ) নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত খসড়া ভোটার তালিকা, খসড়া ভোটার তালিকার উপর দাবী/আপত্তি দাখিলের সময়সীমা, দাবী/আপত্তি নিষ্পত্তির সময়সীমা এবং চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ সংক্রান্ত তথ্যাদি ব্যাপক প্রচার করার জন্য জেলা নির্বাচন অফিসারকে অনুরোধ করেন। এ ছাড়াও ব্যাপক প্রচারের লক্ষ্যে এ সংক্রান্ত তথ্যাবলী জেলা প্রশাসনের মিডিয়া সেল, বিভিন্ন সাংবাদিক এবং জেলা-উপজেলা পর্যায়ের প্রেস ক্লাবে সরবরাহ করার জন্যও অনুরোধ করেন।<br>গ) আগামী ২রা মার্চ ভোটার দিবস অনুষ্ঠিত হবে। সভার সবাইকে ভোটার দিবসের সকল কর্মসূচিতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | জেলা নির্বাচন অফিসার, নড়াইল এবং সংশ্লিষ্ট সকল অংশীজন |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৮. | বিটিসিএল | সহকারী ম্যানেজার, টেলিকম, মাগুরা-নড়াইল জানান যে, এ জেলায় ৭০৫টি টেলিফোন, ৩৬৬টি এডিএসএল এবং ২৩টি এলএলআই লিজড সংযোগ রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী ম্যানেজার বিটিসিএল, নড়াইল |
| ৪৯. | বন বিভাগ | সহকারী বন সংরক্ষক, সামাজিক বনায়ন জোন, নড়াইল এর প্রতিনিধি সভায় উপস্থিত। তিনি বলেন তার দপ্তরের কাজ ২০২৩-২০২৪ অর্থবছরে বিক্রয় বিতরণের জন্য নড়াইল সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের অধীন ১০,০০০ (দশ হাজার) টি চারা উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে নড়াইল সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের অধীন নড়াইল-০১ আসনের মাননীয় সংসদ সদস্য (নড়াইল সদর আংশিক ও কালিয়া উপজেলা) এর মাধ্যমে বিতরণের জন্য ৫০০০ টি চারা উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে নড়াইল সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের অধীন নড়াইল-০২ আসনের মাননীয় সংসদ সদস্য (নড়াইল সদর আংশিক ও লোহাগড়া উপজেলা) এর মাধ্যমে বিতরণের জন্য ৫০০০ টি চারা উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। সরকারি মূল্য ৯ (নয়) টাকায় চারা নিয়মিত বিতরণ বিক্রয় কার্যক্রম চলামান রয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বাগানের যে গাছগুলি কর্তন করা হবে তা সংশ্লিষ্ট বিভাগ, ভূমির মালিক এবং এ সংক্রান্ত গঠিত/ বিদ্যমান কমিটির সাথে বসে আলোচনা করে সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিলাম প্রক্রিয়া সম্পন্ন করার এবং জেলা প্রশাসক মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ক)সহকারী বন সংরক্ষক বন বিভাগ, নড়াইল |
| ৫০. | সরকারি গণগ্রন্থাগার | লাইব্রেরিয়ান, নড়াইল সরকারি গণগ্রন্থাগার সভায় জানান জেলা সরকারি গণগ্রন্থাগারে এ পর্যন্ত অন্তর্ভুক্ত পুস্তক সংখ্যা মোট ৩৮,৪৮৭টি। প্রতিদিন পাঠকক্ষে ১৩টি জাতীয় পত্রিকা ও ১৩টি সাময়িকী রাখা হয়। গণগ্রন্থাগার অধিদপ্তরের তত্ত্বাবধানে নড়াইল জেলায় ভ্রাম্যমান লাইব্রেরি সার্ভিস চালু আছে। স্বাস্থ্যবিধি মেনে পাঠকক্ষ খোলা রয়েছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | পাঠক সেবা নিশ্চিত করতে হবে। | লাইব্রেরিয়ান সরকারি গণগ্রন্থাগার নড়াইল |
| ৫১. | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) | অধ্যক্ষ জানান, ১৪টি ট্রেডে স্বাস্থ্যবিধি অনুসরণে প্রশিক্ষণ/শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে NSDA, SEIP, ড্রাইভিং প্রশিক্ষণ, সোলার, ওয়েবসাইট, প্রচার কার্যক্রম, DEMO, পরিস্কার পরিচ্ছন্নতা এবং বসার স্থান কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। | স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষা/ প্রশিক্ষণ ও রুটিন কার্যক্রম সম্পাদন করতে হবে। | অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নড়াইল |
| ৫২. | পিটিআই | সুপারিনটেনড্যান্ট, পিটিআই জানান জানুয়ারি ২০২৪ থেকে বিটিপিটি (বেসিক ট্রেনিং ফর প্রাইমারী টিচার্স) প্রশিক্ষণ শুরুর লক্ষ্যে পিটিআই এর বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় ও অফিস পরিদর্শনের কাজ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ১৪ দিনব্যাপী আইসিটি-ইন-এডুকেশন বিষয়ক ২য় ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নড়াইল জেলার সদর, কালিয়া, লোহাগড়া ও যশোর জেলার মনিরামপুর, বাঘারপাড়া ও অভয়নগর উপজেলার মোট ১১০ জন ডিপিএড প্রশিক্ষনার্থী জানুয়ারি- ডিসেম্বর ২০২২ নড়াইল পিটিআইতে প্রশিক্ষণরত ছিলেন। চূড়ান্ত লিখিত পরীক্ষা সমাপ্ত হয়েছে। ডিপিএড বিষয় বোর্ড ও মৌখিক পরীক্ষা সম্পন্ন করে সকল প্রশিক্ষণার্থী নিজ বিদ্যালয়ে যোগদান করেছেন। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে (জানুয়ারি-২০২৩ থেকে জুন-২০২৪) প্রশিক্ষণ গ্রহণের জন্য শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে। পিটিআই এর অফিস আঙিনা পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় ও অফিস পরিদর্শনের কাজ চলমান আছে।<br>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | সুপারিনটেনড্যান্ট পিটিআই, নড়াইল |
| ৫৩. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) উল্লেখ করেন, জানুয়ারি/২০২৪ মাসে এ জেলায় ০৬টি বাজার পরিদর্শন করা হয়েছে। এ পরিদর্শন কার্যক্রম পরিচালনার সময় ভোক্তা অধিকার সংরক্ষন আইন, ২০০৯ সম্পর্কিত লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। বিভিন্ন বাজারে ০৬ টি অভিযান পরিচালনা করে ৭০-৭৫টি প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকী করে ১৫টি প্রতিষ্ঠানকে ৩৬৫০০০/- জরিমানা আদায় করা হয়েছে এবং ০১ (এক) টি জনসচেতনামূলক সভা পরিচালন করা হয়েছে।<br>সভাপতি বলেন নড়াইল জেলায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের আওতায় নিয়মিত বাজার পরিদর্শন এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | ক) ভোক্তা অধিকার সংরক্ষণে নিয়মিত বাজার মনিটরিং করাসহ কর্মস্থলে উপস্থিত থেকে দাপ্তরিক দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হয়।<br>খ) অভিযান পরিচালনার পূর্বে অবশ্যই জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত করার জন্য অনুরোধ করা হয় | সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর নড়াইল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫৪. | পরিবেশ অধিদপ্তর | সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নড়াইল সভায় জানান গত মাসে হরতাল, অবরোধ এবং জাতীয় নির্বাচন থাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা সম্ভব হয়নি। এ ছাড়া পরিবেশের ছাড়পত্রের জন্য ০২টি আবেদন পাওয়া গেছে। প্রাপ্ত আবেদন প্রক্রিয়াধীন আছে। শব্দ দূষণ নিয়ন্ত্রণ আইনের উপর ০১(এক) টি মোবাইল কোর্ট পরিচালনা করে ৯৫০০/- টাকা জরিমানা ও ১২ টি হাইড্রোলিক হর্ন ধ্বংস করা হয়েছে।<br>সভাপতি বলেন কোন অবস্থাতেই ইট ভাটায় কাঠ পোড়ানো যাবে না। এ বিষয়ে নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ করেন। | পরিবেশ রক্ষায় বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখাসহ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর নড়াইল |
| ৫৫. | নড়াইল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | অধ্যক্ষ, নড়াইল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ বলেন যে, ২০২৪ সালের শিক্ষাবর্ষের ৬ষ্ঠ-৯ম শ্রেণিতে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান আছে। ৫তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ কাজ চলমান আছে। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক সকল কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | শিক্ষার মান উন্নয়নে সর্বদা সচেষ্ট থাকার জন্য অনুরোধ করা হয়। | অধ্যক্ষ, নড়াইল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ |
| ৫৬. | আইন শৃঙ্খলা পরিস্থিতি | পুলিশ সুপার, নড়াইল জানান, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। উন্নয়ন কাজ বাস্তবায়নে পুলিশের সার্বিক সহযোগিতা অব্যাহত থাকবে।<br>সভাপতি বলেন, নড়াইল সদর হাসপাতালকে দালালমুক্ত করার লক্ষ্যে পুলিশের নিয়মিত টহলের মাধ্যে আকস্মিকভাবে নড়াইল সদর হাসপাতালে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন এবং তত্ত্বাবধায়ক, নড়াইল সদর হাসপাতাল, নড়াইল কর্তৃক পুলিশি টহলের জন্য আবেদন করলে তা বিবেচনার জন্য অনুরোধ করেন। | নড়াইল সদর হাসপাতালকে দালালমুক্ত করার লক্ষ্যে পুলিশের নিয়মিত টহলের মাধ্যে আকস্মিকভাবে নড়াইল সদর হাসপাতালে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করা হয়। | পুলিশ সুপার নড়াইল |

৩.০ সভাপতি এ কমিটির সকল সদস্যকে বিভাগীয় কার্যক্রম সম্পাদনের পাশাপাশি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা পরিদর্শন/দর্শনের জন্য অনুরোধ জানান। সভার পূর্বে সকল বিভাগ যাতে তাদের স্ব স্ব কার্যপত্র প্রেরণ করেন সেটি নিশ্চিতের অনুরোধ জানান এবং সভায় যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়েছে তা যেন যথাযথভাবে বাস্তবায়িত হয় সেদিকে সকলকে দৃষ্টি রাখার আহবান জানান। এ ছাড়া দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাকে তাদের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করায় সকল অংশীজনকে জেলা প্রশাসনের পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উন্নয়ন প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য সকল সদস্যকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আশফাকুল হক চৌধুরী
জেলা প্রশাসক
নড়াইল
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ফোন: ০২৪৭৭৭৭৩৩০১

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.১০২.১৬.০০১.২২.৩০ (১৫০)- ৮৪৮ (১২০)

তারিখ: ৩০ ফাল্গুন, ১৪৩০ / ১৪ মার্চ, ২০২৪

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, ..............................................................
৩. সচিব, ....................................................................
৪. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৫. ..........................................................
(জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সম্মানিত সকল সদস্য)

১৪/০৩/২৪

শাশ্বতী শীল
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
সদস্য সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
নড়াইল
ফোন: ০২৪৭৭৭৭৩৫৯৬

CS CamScanner